শাতাতপীয় কর্ম্মবিপাক।

শাতাতপ মুনি কর্তৃক সংগৃহীত।

শ্রীযুক্ত রামচন্দ্র [illegible]রের দ্বারা

সংগৃহীত।

শ্রীনৃত্যলাল শীলের আদেশানুসারে

কলিকাতা।

এন, এল, শীল যন্ত্রে মুদ্রিত।

নং ৯ আহীরীটোলা।

১২৭২,

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

শাতাতপীয় কর্ম্মবিপাক।

অর্থাৎ

শাতাতপ মুনি কর্ত্তৃক সংগ্রহ।

মহাপাপ এবং অতিপাপ ও সামান্য পাপকারী মনুষ্য-
দিগের জন্ম জন্মান্তরে তৎপাপ চিহ্ন যে
সকল রোগ উদ্ভব হয় তাহার প্রায়শ্চিত্ত বিবরণ।

তদ্ভাষার্থ

শ্রীযুক্ত রামচন্দ্র তর্কালঙ্কারের দ্বারা

সংগৃহীত।

কলিকাতা।

এন, এল, শীল যন্ত্রে মুদ্রিত

নং ৯ আহারীটোলা।

মূল্য চারি আনা মাত্র।

শ্রীঐহিকচন্দ্র মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

সূচীপত্র।

সূচীপত্র সমাপ্ত ।

কর্ম্মবিপাক।

শ্রীরামচন্দ্র স্তনতে প্রণম্য ভাবয়া গুরুং।
ব্যাখ্যাং কর্ম্মবিপাকস্য শাতাতপ কৃতস্যচ ॥

অথ শাতাতপীয় কর্ম্মবিপাকঃ।

যথা। প্রায়শ্চিত্ত বিহীনানাং মহাপাতকিনামপি। নরকান্তে ভবেজ্জন্ম চিহ্নাঙ্কিত শরীরিণাং। প্রতিজন্ম ভবেত্তেষাং চিহ্নং তৎ পাপ সূচিতং। প্রায়শ্চিত্তে কৃতে যাতি পশ্চাত্তাপবতাং পুনঃ ॥

অস্যার্থঃ। প্রায়শ্চিত্ত হীন মহাপাতকীদিগের নরক ভোগাবসানে মনুষ্য শরীর গ্রহণ করিলে তঃ প্রতি জন্মে পাপসূচিত চিহ্ন রোগ জন্মে তাহার প্রতিকার প্রায়শ্চিত্তাধীন হয় তাহা পশ্চাৎ ব্যক্ত করিবেন।

অথ পাপ বিশেষের ভোগ কথন।

যথা। মহাপাতকজং চিহ্নং সপ্ত জন্মানি জায়তে। উপপাপোদ্ভবং পঞ্চ ত্রীণি পাপ সমুদ্ভবং। দুষ্কর্ম্মজা নৃণাং রোগা যান্তি চোপক্রমৈঃ শমং ॥

অস্যার্থঃ। মহাপাপোদ্ভব চিহ্ন সপ্ত জন্ম-

বধি প্রকাশ পায়। এবং উপপাপোদ্ভব চিহ্ন পঞ্চ জন্মাবধি প্রকাশ পায়। সামান্য পাপোদ্ভব চিহ্ন তিন জন্মাবধি প্রকাশ পায়।

অথ রোগের শমতা।

যথা। জপৈঃ সুরার্চ্চনৈর্হোমৈর্দানৈস্তেষাং শমো ভবেৎ। পূর্ব্বজন্মকৃতং পাপং নরকস্য পরিক্ষয়ে। বাধতেব্যাধিরূপেণ তস্য জপ্যাদিভিঃশমঃ।

অস্যার্থঃ। পূর্ব্বজন্ম কৃত যে পাপ নরক ভোগানন্তর ব্যাধিরূপে জন্মান্তরে বাধা জম্মে তাহার শমতা কৃচ্ছ্রাদিব্রতের দ্বারা এবং জপ দেব পূজা হোম দান দ্বারা হয়।

অথ মহাপাতকাদি উদ্ভব রোগাদি নিরূপণ।

যথা। কূষ্ঠঞ্চ রাজযক্ষ্মা চ প্রমেহো গৃহিণী তথা। মূত্রকৃচ্ছ্রাশ্মরী কাসাঃ অতিসার ভগন্দরৌ। দুষ্টব্রণং গণ্ডমালা প্রক্ষাঘাতোঽক্ষিনাশনং। ইত্যেব মাদয়ো রোগা মহাপাপোদ্ভবাঃ স্মৃতাঃ॥

অস্যার্থঃ। কুষ্ঠাদি অক্ষিনাশ পর্য্যন্ত ত্রয়োদশ রোগ এবং আরো অন্যান্য রোগ মহাপাপোদ্ভব হয়।

অথ উপপাপোদ্ভব রোগ।

যথা। জলোদরীং যকৃৎ প্লীহা শূলরোগ ব্র-

ণানিচ। শ্বাসাজীর্ণ জ্বর ছর্দ্দি ভ্রম মোহ গলগ্রহাঃ।
রক্তার্ব্বুদ বিসর্পাদ্যা উপপাপোদ্ভবা গদাঃ।

অস্যার্থঃ। জলোদরীত্যাদি বিসর্প পর্য্যন্ত চতুর্দ্দশ রোগ উপপাপোদ্ভব।

অথ সামান্য পাপোদ্ভব রোগ।

যথা। দণ্ডাপতানকশ্চিত্র বপুঃকম্পবিচর্চ্চিকা।
বল্মীক পুণ্ডরীকাদ্যা রোগাঃ পাপসমুদ্ভবাঃ॥

অস্যার্থঃ। দণ্ডাবতানক অর্থাৎ মেরুদণ্ডে দণ্ডাকার হয়, চিত্রবপু অর্থাৎ শরীরে চিত্র বিচিত্র হয়, আর সর্ব্বদা কম্প বিচর্চ্চিকা অর্থাৎ ছুলি। বল্মীক রোগ বিশেষ পুণ্ডরীক রোগ বিশেষ ইত্যাদি আরো বহু প্রকার রোগ সামান্য পাপোদ্ভব হয়।

অথ অতিপাপোদ্ভব রোগ।

যথা। তথার্শাদ্যা নৃণাং রোগা অতি পাপোদ্ভবন্তিহি।

অস্যার্থঃ। অর্শাদি রোগ অতি পাপোদ্ভব আদি পদে গলিত কুষ্ঠ ইত্যাদি।

অন্যেচ বহবো রোগা জায়ন্তে বর্ণসঙ্করাঃ।

অস্যার্থঃ। অন্যান্য রোগাদি বহুবিধ পাপ হইতে জন্মে তাহা পশ্চাৎ ব্যক্ত করিতেছেন।

অথ সামান্য প্রায়শ্চিত্ত নিরূপণ।

যথা। উচ্যন্তেচ নিদানানি প্রায়শ্চিত্তানিবৈ ক্রমাৎ। মহাপাপেষু সর্ব্বং স্যাত্তদর্দ্ধমুপপাতকে। দদ্যাৎ পাপেষু ষষ্ঠাংশং কল্প্যং ব্যাধি বলাবলং।

অস্যার্থঃ। পাপের প্রতিকার দানাদিরূপ প্রায়শ্চিত্ত কহিতেছেন। মহাপাতক প্রায়শ্চিত্ত ব্রতাদিতে অশক্ত হইলে তাহার নিরূপিত দানাদি করিবে তাহাতে অশক্ত হইলে সর্ব্বস্ব দান করিবে উপপাতকী সর্ব্বস্বার্দ্ধ দান করিবে এবং ব্যাধির বলাবল বুঝিয়া ষষ্ঠাংশ দানাদি করিবে। এতৎ পর এই বচন জানিবা নতুবা যথোক্ত দানাদিতে সক্ষমপর নয়।

অথ সাধারণ মন্ত্র এবং দানাদির নিরূপণ।

যথা। অথ সাধারণং তেষু গোদানাদিষু কথ্যতে। গোদানে বৎস্যযুক্তা গৌঃ সুশীলা চ পয়স্বিনী। বৃষ দানে শুভোহনড্বান্ শুক্লাম্বর সকাঞ্চনঃ। নিবর্ত্তনানি ভূদানে দশ দদ্যাৎ দ্বিজাতয়ে। দশহস্তেন দণ্ডেন ত্রিংশদ্দণ্ডানিবর্ত্তনং। দশতান্যেব গোচর্ম্ম দত্বা স্বর্গে মহীয়তে। সুবর্ণ শত নিষ্কন্তু তদর্দ্ধার্দ্ধ প্রমাণতঃ। অশ্বদানে মৃদুশ্লক্ষ্ণমশ্বং সোপস্করং দিশেৎ। মহিষীং মাহিষে

দানে দদ্যাৎ স্বর্ণায়ুধান্বিতাং। দদ্যাৎ গজং মহা দানে সুবর্ণ ফলসংযুতং। ধান্যদানে শুভং ধান্যং খারী যষ্টিমিতং স্মৃতং॥ বস্ত্রদানে পট্টবস্ত্রদ্বয়ং ক- পূরসংযুতং।

অস্যার্থঃ। সাধারণ প্রায়শ্চিত্তাত্মক মন্ত্র ও দানাদি নিরূপণ করিতেছেন। যথা। যে স্থানে প্রায়শ্চিত্তাত্মক গোদান করিবে সে স্থলে বৎস যুক্ত দুগ্ধবতী গো দিবা। যে স্থলে বৃষ দান করিবে শুক্লবস্ত্র ও কাঞ্চনের সহিত শুভ অনড্বান্ দিবে। ভূমিদান স্থলে দশ নিবর্ত্ত পরিমিত ভূমি দিবা। নিবর্ত্ত কহিতেছেন। দশ হস্ত পরিমাণে এক দণ্ড হয়, ত্রিংশদ্দণ্ডে এক নিবর্ত্ত হয় দশ নিবর্ত্তে এক গোচর্ম্ম হয়, অতএব গোচর্ম্ম পরিমিত ভূমিদানে স্বর্গে গমন করে। সুবর্ণদান স্থলে এক নিষ্ক পরি- মিত সুবর্ণ দিবা কিম্বা তদর্দ্ধ দিবা অথবা শক্তা- শক্তপ্রভেদে তাহার অর্দ্ধ দিবা অশ্বদানস্থলে উত্তম অশ্ব আভরণাদি যুক্ত করিয়া দিবা। মহিষ দানে স্বর্ণ অস্ত্রাদিযুক্তা মহিষী প্রদান করিবে, মহাদান স্থলে গজদান করিবে। ধান্যদানস্থলে যষ্টি খারী পরিমিত ধান্য দান করিবে, বস্ত্রদান স্থলে শুক্ল বর্ণ পট্টবস্ত্রদ্বয় প্রদান করিবা ইতি দান বিধিঃ।

অথ দেবপূজা রূপ প্রায়শ্চিত্ত।

যথা। লক্ষ সঙ্খ্যাহর্ণং পুষ্পং প্রদদ্যাদ্দেবতার্চ্চনে। দদ্যাৎ দ্বিজ সহস্রায় মিষ্টান্নং দ্বিজ ভোজনেঃ॥

অস্যার্থঃ। যে স্থলে পূজাত্মক প্রায়শ্চিত্ত হইবে সেখানে লক্ষ পুষ্প বিষ্ণুকে প্রদান করিবে। অথবা মিষ্টান্নের দ্বারা সহস্র ব্রাহ্মণ ভোজন করাবে

অথ প্রায়শ্চিত্তাত্মক জপঃ।

যথা। রুদ্রং জপেল্লক্ষ পুষ্পৈঃ পূজয়িত্বা চ ত্র্যম্বকং। একাদশ জপেদ্রুদ্রান্ দশাংশং গুগ্গুলৈর্ঘৃতৈঃ। হুত্বাভিষেচনং কুর্য্যান্মন্ত্রৈর্বরুণ দৈবতৈঃ। শান্তিরষ্টৌ মহাশান্তি গ্রহ শান্তি প্রপূর্ব্বিকা।

অস্যার্থঃ। লক্ষ পুষ্পের দ্বারা ত্র্যম্বক মহাদেবে পূজানন্তর একাদশ রুদ্রের মন্ত্র লক্ষ সঙ্খ্যক জপ্য করিয়া দশাংশ গুগ্গুলে ঘৃতের দ্বারা হোম করিয়া তদনন্তর যজমানের অভিষেক করিবে। তদনন্তর গ্রহ শান্তিপূর্ব্বক অষ্ট মহাশান্তি করত শুদ্ধ হইবে।

অথ প্রায়শ্চিত্তের কর্ত্তব্যতা।

যথা। দশপঞ্চাষ্ট চতুর উপবেশ্য দ্বিজান্ শুভান্। তেষা মনুজ্ঞয়া সর্ব্বং প্রায়শ্চিত্ত মুপক্রমেৎ।

বিধায় বৈষ্ণবীং পূজাং সংকল্প্য নিজ কাম্যয়া। ধেনুং দদ্যাৎ দ্বিজাতিভ্যো দক্ষিণাঞ্চাপি শক্তিতঃ অলংকৃত্য যথা শক্তি বস্ত্রালঙ্কারণৈঃদ্বিজান্। যাচেদ্দণ্ড প্রমাণেন প্রায়শ্চিত্ত যথোদিতং। তেষা মনুজ্ঞয়া কৃত্বা প্রায়শ্চিত্তং যথা বিধি।

অস্যার্থঃ। প্রথমতঃপ্রায়শ্চিত্তারম্ভে দশ কিম্বা পঞ্চ কিম্বা অষ্ট কিম্বা চত্বার শ্রেষ্ঠ ব্রাহ্মণকে উপবেশন করাইয়া তাহারদিগের অনুমতি গ্রহণ পূর্ব্বক বিষ্ণু পূজানন্তর নিজ কামনাপূর্ব্বক সঙ্কল্প করণানন্তর প্রায়শ্চিত্ত করিবে। তদনন্তর শক্ত্যনুসারে ব্রাহ্মণকে দক্ষিণাস্বরূপ ধেনু প্রদান করিবে। তদনন্তর যথাশক্তি বস্ত্র অলঙ্কার দ্বারা ব্রাহ্মণদিগের পরিতোষ করিয়া দণ্ডবৎ প্রণাম পূর্ব্বক যথোচিত প্রায়শ্চিত্ত যাচ্ঞা করিবে। তাহার দিগের অনুজ্ঞাতেই সম্পূর্ণ হইবে ইতি।

যথা। জপচ্ছিদ্রং তপশ্ছিদ্রং যচ্ছিদ্রং যজ্ঞকর্ম্মাণি। সর্ব্বং ভবতি নিশ্ছিদ্রং যস্য চ্ছেন্তি ব্রাহ্মণাঃ উপবাসো ব্রতঞ্চৈব স্নানং তীর্থফলং তপঃ। বিপ্রৈঃ সম্পাদিতং সর্ব্বং সম্পন্নং তস্য তৎফলং। ব্রাহ্মণা যানি ভাষন্তে মন্যন্তে তানি দেবতাঃ। সর্ব্ব দেব ময়াবিপ্রাঃ ন তৎ বচনমন্যথা। সম্পন্নমিতি যদ্বা-

ক্যং বদন্তি ক্ষিতি দেবতাঃ। প্রণম্য শিরসা ধার্য্য মগ্নিষ্টোম ফলং লভেৎ।

অস্যার্থঃ। জপের ছিদ্র অর্থাৎ জপ ভঙ্গ এবং তপস্যার ছিদ্র এবং যজ্ঞাদিকর্ম্মের ছিদ্র সে সকলি নিশ্ছিদ্র হয় অর্থাৎ ব্রাহ্মণে যদি সম্পূর্ণ ইচ্ছা করেন। এবং উপবাস ব্রত স্নান দান তপস্যাদি কর্ম্ম ব্রাহ্মণ কর্তৃক সম্পাদিত হইলে সংপূর্ণ হয়। অর্থাৎ ব্রাহ্মণে যাহা কহেন তাহা তাবতেই দেবতারা মানেন। অতএব সর্ব্ব দেবতাময় ব্রাহ্মণ জানিবে এবং তাঁহারদিগের বাক্য অন্যথা করিবা না। এবং প্রণামপূর্ব্বক মস্তকে গ্রহণ করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল হয় তদনন্তর ব্রাহ্মণ ভোজন করাইবে।

যথা। ভোজয়িত্বা দ্বিজান্ শক্ত্যা ভুঞ্জিতঃ সহ বন্ধুভিঃ।

অস্যার্থঃ। যথাশক্তি ব্রাহ্মণ ভোজন পূর্ব্বক বন্ধুগণের সহিত স্বয়ং ভোজন করিবে। ইতি শাতাতপী কর্ম্মবিপাকে সাধারণ বিধি প্রথমাধ্যায়ঃ।

অথ ব্রহ্মবধ জন্য কুষ্ঠরোগ প্রায়শ্চিত্ত।

যথা। ব্রহ্মহানরকস্যান্তে পাণ্ডু কুষ্ঠী প্রজায়তে প্রায়শ্চিত্তং প্রকুর্ব্বীত স তৎ পাতক শান্তয়ে।

অস্যার্থঃ। ব্রহ্মঘ্ন ব্যক্তির নরক ভোগানন্তর জন্মান্তরে সর্ব্বাবয়ব পাণ্ডু বরণ কুষ্ঠরোগগ্রস্ত হয়। অতএব তৎপাপ শুদ্ধি নিমিত্তক অবশ্য প্রায়শ্চিত্ত করিবে।

যথা। চত্বারঃ কলসাঃ কার্য্যাঃ গৌরবস্ত্র সমন্বিতাঃ। পঞ্চপল্লব সংযুক্তাঃ স্থাপ্যাঃ প্রতি দিশং দ্বিজৈঃ। রৌপ্য মষ্টদলং পদ্মং মধ্যকুম্ভোপরি ন্যসেৎ। তস্যোপরি ন্যসেদ্দেবং দশহস্তং চতুর্ম্মুখং। পলার্দ্ধার্দ্ধ প্রমাণেন সুবর্ণেন বিনির্ম্মিতং। অর্চ্চেৎ পুরুষ সুক্তেন ত্রিকালং প্রতিবাসরং। যজমানঃ সুভৈগন্ধৈঃ পুষ্পৈধুপৈর্যথাবিধিঃ। পলাশ সমিধো হোমং কুর্য্যাচ্চৈব যথা বিধিঃ। পুর্ব্বাদি কুম্ভেষু ততো ব্রাহ্মণা ব্রহ্মচারিণঃ। পঠেয়ুঃ স্ব স্ব বেদাং স্তে ঋগ্বেদপ্রভৃতিন্ শনৈঃ। দশাংশেন ততো হোমোগ্রহশান্তি পুরঃসরং। মধ্য কুম্ভে বিধাতব্যোঘৃতাক্তৈস্তিলহেমভিঃ দ্বাদশাহমিদং কর্ম্ম সমাপ্য দ্বিজ পুঙ্গবঃ। তত্র পীঠে যজমান মভিসিঞ্চেৎ যথা বিধিঃ। ততো দদ্যাৎ যথাশক্তি গো ভু হেম তিলাদিকং। ব্রাহ্মণেভ্য স্তথাদেয় মাচার্য্যায় নিবেদয়েৎ। এবং বিধানে বিহিতে শ্বেত কুষ্ঠী বিশুদ্ধতে॥

অস্যার্থঃ। সঙ্কল্পাদিপূর্ব্বক যাগস্বরূপ প্রা-য়শ্চিত্ত কহিতেছেন। প্রথমতঃ পীত বস্ত্রাচ্ছাদিত কলস চতুষ্টয় পঞ্চ পল্লবাদি সংযুক্ত করিবা। তস্যোপরি রৌপ্যময় অষ্টদল পদ্ম মধ্য কুম্ভের উপরিভাগে সংস্থাপন করিয়া ঐ পদ্মের উপরি এক পলার্দ্ধ সুবর্ণ নির্ম্মিত চতুর্ম্মুখ দশ হস্ত প্রতিমা স্থাপনা করিবে। তদনন্তর ধূপ গন্ধাদি দ্বারা ষোড়শোপচারৈর্বা পুরুষসূক্ত মন্ত্রের দ্বারা প্রত্যহ ত্রিকালীন পূজা ঋগ্‌বেদ বিহিত চতুর্ব্বেদোক্ত ঃন্ত্র কলসচতুষ্টয়ে পাঠ করিবে। তদনন্তর অনুক্ত হেতু অযুতসঙ্খ্যাক পুরুষসূক্ত মন্ত্র জপ করণানন্তর গ্রহশান্তিপূর্ব্বক তদ্দশাংশ পলাশ সমিধের দ্বারা হোম করিবে। কিন্তু হুতশেষ মধ্যকুম্ভে সংস্থান করিবে। এইরূপ দ্বাদশ দিবস যাগ করিয়া যথা শক্তি ক্রমে আচার্য্যকে গো ভূমি হিরণ্য তিল দান ও দক্ষিণা দিবে। তদনন্তর আচার্য্য যজমা-নকে অভিষেক করিবা। এইরূপ কর্ম্ম করতঃ পাপ ক্ষয় হইবেক।

অথ ব্রাহ্মণস্বামিকজ্ঞানকৃত গোবধ প্রায়শ্চিত্ত।

যথা। কুষ্ঠী গোবধকারী স্যান্নরকান্তেস্যনিষ্কৃতিঃ।

অস্যার্থঃ। জন্মান্তরীয় গোবধকারী ব্যক্তির

নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন সামান্য কুষ্ঠ রোগগ্রস্ত হয় তস্য প্রায়শ্চিত্ত কহিতেছেন।

যথা। স্থাপয়েদ্ঘট মেকন্তু পূর্ব্ববৎ দ্রব্য সংযুতং। রক্তচন্দন লিপ্তাঙ্গং রক্ত পুষ্পাম্বরান্বিতং। রক্ত কুম্ভন্তু তং কৃত্বা স্থাপয়েদ্দক্ষিণাং দিশং। তাম্র পাত্রং ন্যসেত্তত্র তিলচূর্ণেন পূরিতং। তস্যোপরি ন্যসেদ্দেবং হেম নিষ্কময়ং যমং। যজেৎ পুরুষ সূক্তেন পাপং মে সাম্যতা মিতি। সাম পরায়ণং কুর্য্যাৎ কলসে তত্র সামবিৎ। দশাংশং সর্ষপৈর্হুত্বা পাবমান্যাভিবেচনে। বিহিতে ধর্ম্মরাজান মাচার্য্যায় নিবেদয়েৎ। যমোপি মহিষারূঢ়ো দণ্ডপাণির্ভয়াবহঃ। দক্ষিণাধিপতির্দেবো মম পাপং ব্যপোহতু। ইত্যুচ্চার্য্য বিসৃজ্যৈনং মাসং সদ্ভক্তিমাচরেৎ। ব্রহ্মগোবধয়োরেষ্য প্রায়শ্চিত্তেন নিষ্কৃতিঃ॥

অস্যার্থঃ। পূর্ব্ববৎ অর্থাৎ পঞ্চ পল্লবাদি সংযুক্ত ঘট সংস্থাপনানন্তর অন্য এক রক্ত কুম্ভান্তর তিল চূর্ণেতে পূরিত করিয়া দক্ষিণদিকে সংস্থাপন করিবে। তদুপরি নিষ্ক পরিমিত যমপ্রতিমা পুরুষ সূক্ত মন্ত্রের দ্বারা পূজা করিয়া তত্র কলস মধ্যে সামগ ব্রাহ্মণ সামবেদ পাঠানন্তর পুরুষ

সূক্ত মন্ত্র জপ এবং দশাংশ সর্ষপ দ্বারা হোম করিবে। অত্র স্থলে সংখ্যার অনুক্ত হেতু অযুত সংখ্যক জপ জানিবা। তদনন্তর যজমানকে অভিষেক পূর্ব্বক যমোপি মহিষারূঢ় দণ্ডপাণির্ভয়াপহঃ দক্ষিণাধিপতির্দ্দেবো মম পাপং ব্যপোহতু। এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বিসর্জ্জন করিবে। তদনন্তর যমপ্রতিমা এবং দক্ষিণা আচার্য্যকে প্রদান করত ব্রাহ্মণ স্বামিক গোবধ পাপ হইতে নিষ্কৃতি হইবে। ব্রাহ্মণস্য বধে অর্থাৎ ব্রাহ্মণ স্বামিক গোবধে।

অথ মাতৃ পিতৃ বধ জন্য জড় ও জন্মান্ধ রোগ প্রায়শ্চিত্ত।

যথা। পিতৃহা চেতনা হীনো মাতৃহান্ধঃ প্রজায়তে। নরকান্তে প্রকুর্ব্বীত প্রায়শ্চিত্তং যথা বিধিঃ

অস্যার্থঃ। জন্মান্তরীয় পিতৃঘাতক ব্যক্তি তৎ পাপচিহ্ন নরকভোগানন্তর চেতনাহীন অর্থাৎ জড় হয় এবং মাতৃঘাতক ব্যক্তি অন্ধ হয় এতদুভয় প্রায়শ্চিত্ত যথা বিধি কহিতেছেন॥

যথা। প্রাজাপত্যানিকুর্ব্বীত ত্রিংশচ্চৈব বিধানতঃ। ব্রতান্তে কারয়েন্নাবং সৌবর্ণ পলসম্মিতাং। কুম্ভং রৌপ্যময়ঞ্চৈব তাম্রপাত্রে চ স্থাপয়েৎ।

নিষ্কহেম্না তু কর্ত্তব্যো দেব শ্রীবৎলাঞ্ছনঃ। পট্টবস্ত্রেণ সংবেষ্ট্য পূজয়েত্তং বিধানতঃ। নাবং দ্বিজায় তাং দদ্যাৎ সর্ব্বোপস্কার সংযুতাং। ইত্যুদীর্ঘ প্রণম্যথ ব্রাহ্মণায় বিসর্জ্জয়েৎ। অন্যেভ্যোপি যথা শক্তি বিপ্রেভ্যো দক্ষিণাং দদেৎ।

অস্যার্থঃ। যথা বিধানক্রমে ত্রিংশৎ চান্দ্রায়ণ ব্রত কিম্বা তদভাবে ত্রিংশৎ ধেনু দান করণানন্তর এক পল পরিমিত সুবর্ণ নির্ম্মিত নৌকা এবং রৌপ্যময় কুম্ভ নির্ম্মাণ করিয়া তাম্র পাত্রোপরি স্থাপনা করিবে তদনন্তর নিষ্ক পরিমিত স্বর্ণময় শ্রীকৃষ্ণমূর্ত্তি পট্টবস্ত্র দ্বারা বেষ্টিত করত তত্রোপরি সংস্থাপন করিয়া যথা বিধি পূজা হোমাদি করিবে। তদনন্তর বিসর্জ্জনপূর্ব্বক অভিষেক করণানন্তর দ্বিজায় অর্থাৎ আচার্য্যকে সর্ব্বোপকরণ সহিত নৌকা প্রদান করিবে এবং অন্য ব্রাহ্মণকে বহুতর দক্ষিণা প্রদান করিবে ইতি।

অথ ভগ্নী এবং ভ্রাতৃবধ জন্য মূকরোগ প্রায়শ্চিত্তঃ।

যথা। স্বসৃঘাতী তু বধিরো নরকান্তে প্রজায়তে। মূকো ভ্রাতৃবধেচৈবতস্যেয়ং নিষ্কৃতিস্মৃতাঃ

অস্যার্থঃ। জন্মান্তরীয় ভগ্নী ও ভ্রাতৃবধ জন্য

নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন মূকরোগ প্রাপ্ত হয় অর্থাৎ বোবা যস্য প্রসিদ্ধ। তাহার নিষ্কৃতি অর্থাৎ প্রায়শ্চিত্ত কহিতেছেন।

যথা। সোঽপি পাপবিশুদ্ধার্থং চরেচ্চান্দ্রায়ণব্রতং। ব্রতান্তে পুস্তকং দদ্যাৎ সুবর্ণফলসংযুতং। ইদং মন্ত্রং সমুচ্চার্য্য ব্রাহ্মণীং তাং বিবর্জ্জয়েৎ। সরস্বতী জগন্মাতঃ শব্দ ব্রহ্মাধিদেবতে। দুষ্কর্ম্ম করণাৎ পাপাৎ পাহিমাং পরমেশ্বরি।

অস্যার্থঃ। মূকরোগ শুদ্ধার্থ অগ্রে চান্দ্রায়ণ ব্রত করিবে। তদনন্তর সুবর্ণ সংযুক্ত পুস্তক ব্রাহ্মণকে প্রদান করিয়া সরস্বতী জগন্মাত ইতি মন্ত্র পাঠপূর্ব্বক পাপ ক্ষয় প্রার্থনা করণানন্তর দক্ষিণাদি প্রদান করিবে ইতি। এই প্রায়শ্চিত্ত ব্রাহ্মণেতর জানিবে ব্রাহ্মণে ব্রহ্মবধ প্রায়শ্চিত্ত মপি কর্ত্তব্যং।

অথ পুত্রবধ জন্য মৃতবৎস প্রায়শ্চিত্ত।

বালঘাতী চ পুরুষো মৃতবৎসঃ প্রজায়তে।

অস্যার্থঃ। স্বীয় বালক ঘাতকের নরক ভোগানন্তর জন্মান্তরে তৎ পাপচিহ্ন মৃতবৎস হয় তস্য প্রায়শ্চিত্তং।

যথা। ব্রাহ্মণোদ্বাহনঞ্চৈব কর্ত্তব্যং তেন শু-

দ্ধয়ে। শ্রবণংহরিবংশস্য কর্ত্তব্যঞ্চ যথা বিধিঃ। মহারুদ্র জপঞ্চৈব কারয়েচ্চ যথা বিধিঃ। জুহুয়াচ্চ দশাংশেন দূর্ব্বয়াযুতসংখ্যয়া। একাদশ স্বর্ণনিষ্কাঃ প্রদাতব্যা সদক্ষিণাঃ। পলান্যেকাদশ তথা দদ্যা দ্দিত্তানুসারতঃ। অন্যেভ্যোঽপি যথাশক্তি দ্বিজেভ্যো দক্ষিণাং দিশেৎ। স্নাপয়েদ্দম্পতীঃ পশ্চান্মন্ত্রৈর্ব্বরুণ দৈবতৈঃ। আচার্য্যায় প্রদেয়ানি বস্ত্রালঙ্করণানি চ॥

অস্যার্থঃ। মৃতবৎস দোষ ক্ষয়ার্থ অগ্রে এক ব্রাহ্মণের বিবাহ দিবেন। তদনন্তর যথাবিধান ক্রমে হরিবংশ শ্রবণানন্তর মহারুদ্র পূজা করিবে মহারুদ্র পদে ষড়রঙ্গের সহিত একাদশ রুদ্র। এবং তন্মন্ত্রের দ্বারা দূর্ব্বা করণক অযুত হোম করিয়া একাদশ সংখ্যক নিষ্কা পরিমিত স্বর্ণপুত্রিকা দক্ষিণা প্রদান করিবে। কিন্তু একাদশ সংখ্যা যাহা কহিয়াছেন তাহা বিত্তানুসারে জানিবে। অশক্ত হইলে ন্যূন স্বর্ণ প্রদান করিবে। আরঅন্য ব্রাহ্মণে যথাশক্তি দক্ষিণা প্রদান করিয়া বরুণ মন্ত্রদ্বারা স্ত্রী পুরুষকে স্নান করাইবা। তদনন্তর আচার্য্যকে যথাশক্তি বস্ত্র অলঙ্কারাদি দ্বারা পরিতোষ করিবা।

অথ গোত্রবধ জন্য কুষ্ঠরোগ প্রায়শ্চিত্ত।

যথা। গোত্রহা পুরুষঃ কুষ্ঠী নির্ব্বংশশ্চ প্রজায়তে।

অস্যার্থঃ। গোত্রক্ষয়কারি ব্যক্তির নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন কুষ্ঠবিশেষ রোগ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত কহিতেছেন।

সচ পাপবিশুদ্ধ্যর্থং প্রাজাপত্যশতং চরেৎ। ব্রতান্তে মেদিনীং দত্বা শৃণুয়াদথ ভারতং।

অস্যার্থঃ। কুষ্ঠীব্যক্তির পাপ ক্ষয় তদর্থক শত প্রাজাপত্য ব্রতাচরণ করত ভূমি দক্ষিণা প্রদান করিবে। তদনন্তর মহাভারত শ্রবণ করত পাপ হইতে শুদ্ধ হইবে॥

অথ স্ত্রীবধ জন্য অতিসার
রোগ প্রায়শ্চিত্ত।

যথা। স্ত্রীহন্তাচাতিসারীস্যাদশ্বত্থান্ দশ রোপয়েৎ। দদ্যাচ্চ শর্করা ধেনুং ভোজয়েচ্চ শতং দ্বিজান্॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় স্ত্রীবধকারী ব্যক্তির নরক ভোগানন্তর তৎপাপ সূচিত মূত্রাতিসার রোগ প্রাপ্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত প্রথমতঃ দশসঙ্খ্যক অশ্বত্থ বৃক্ষ রোপণ করিবে। তদনন্তর শর্করা ধেনু

প্রদান এবং শত সঙ্খ্যক ব্রাহ্মণ ভোজন করাইয়া তৎপাপ হইতে শুদ্ধ হইবে।

অথ রাজহত্যা জন্য ক্ষয়রোগ প্রায়শ্চিত্ত।

যথা। রাজহা ক্ষয়রোগী স্যাদেষা তস্য চ নিষ্কৃতিঃ। গোভূহীরণ্যমিষ্টান্নজলবস্ত্র প্রদানতঃ। ঘৃত ধেনু প্রদানেন তিল ধেনু প্রদানতঃ। ইত্যাদিনা ক্রমেণৈব ক্ষয়রোগঃ প্রশাম্যতি।

অস্যার্থঃ। জন্মান্তরীয় রাজবধকারী ব্যক্তির নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন ক্ষয়রোগ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত প্রথমতঃ গো ভূমি হীরণ্য মিষ্টান্ন দ্রব্য জল বস্ত্র এবং ঘৃতধেনু ও তিল ধেনু প্রদান করত ক্ষয়রোগ হইতে মুক্ত হইবে।

অথ বৈশ্যবধ জন্য রক্তস্রাব রোগ প্রায়শ্চিত্ত।

যথা। রক্তার্ব্বুদী বৈশ্যহন্তা জায়তে স চ মানবঃ। প্রজাপত্যানি চত্বারি সপ্তধান্যানি চোৎসৃজেৎ॥

অস্যার্থঃ। বৈশ্যবধ জন্য পাপসূচিত জন্মান্তরে রক্তস্রাব রোগ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত চতুষ্টয় প্রাজাপত্য ব্রত করণানন্তর সপ্তখারী পরিমিত ধান্য উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ শূদ্রবধ জন্য দণ্ডাপতানক রোগ প্রায়শ্চিত্ত।

যথা। দণ্ডাপতানকযুতঃ শূদ্রহন্তা ভবেন্নরঃ। প্রাজাপত্যং সকৃচ্ছেবং দদ্যাদ্ধেনু সদক্ষিণাং।

অস্যার্থঃ। জন্মান্তরে শূদ্রঘাতক ব্যক্তির নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন দণ্ডাপতানক রোগ বিশেষ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত প্রাজাপত্য ব্রতানন্তর দক্ষিণার সহিত ধেনু প্রদান করিবে।

অথ কারু বধ জন্য রুক্ষভাষ প্রায়শ্চিত্ত।

যথা। কারুণাঞ্চ বধে চৈব রুক্ষভাবঃ প্রজায়তে। তেন তৎপাপশুদ্ধর্থ্যং দাতব্যোবৃষভঃসিতঃ।

অস্যার্থঃ। কারু অর্থাৎ শিল্পকারক ঘাতকের জন্মান্তরে তৎপাপ চিহ্ন সর্ব্বদা রুক্ষভাষী হয় তাহার প্রায়শ্চিত্ত শুক্লবর্ণ বৃষভ প্রদান করিলে শুদ্ধ হইবে।

অথ গজবধ জন্য জড়রোগ প্রায়শ্চিত্ত।

যথা। সর্ব্ব কার্য্যেষ্বসিদ্ধার্থো গজঘাতী ভবেন্নরঃ। প্রাসাদংকারয়িত্বা তু গণেশপ্রতিমাং ন্যসেৎ গণনাথস্য মন্ত্রন্তু মন্ত্র লক্ষমিতং জপেৎ। কুলত্থশাকৈঃ পুষ্পৈশ্চ গণশান্তি পুরঃসরং।

অস্যার্থঃ। গজহননকর্ত্তার জন্মান্তরে তৎপাপ

চিহ্ন সর্ব্ব বিষয় কার্য্যে অক্ষম হয় অর্থাৎ জড় হয় তাহার প্রায়শ্চিত্ত প্রাসাদ নির্ম্মাণ করিয়া তন্মধ্যে গণেশপ্রতিমা স্থাপন করিবে। অথবা লক্ষ সংখ্যক গণেশ মন্ত্র জপ তদ্দশাংশ কুলত্থ শাক এবং পুষ্পেঃ দ্বারা হোম করিয়া গণেশমন্ত্র দ্বারা শান্তি করিবে।

অথ উষ্ট্রবধ জন্য বিকৃতি স্বর প্রায়শ্চিত্ত।

যথা। উষ্ট্রে বিনিহতে চৈব জায়তে বিকৃতস্বরঃ স তৎপাপবিশুদ্ধ্যর্থং দদ্যাৎ কর্পূরকং ফলং॥

অস্যার্থঃ। উষ্ট্রহননজন্য জন্মান্তরে তৎপাপ চিহ্ন বিকৃত স্বর প্রাপ্ত হয়। তৎপাপ ক্ষয়ার্থ এক পল পরিমিত কর্পূর প্রদান করিবে।

অথ অশ্বহনন জন্য বক্রমুখ প্রায়শ্চিত্ত।

যথা। অশ্বে বিনিহতে চৈব বক্রতুণ্ডঃ প্রজায়তে। শতং পলানি দদ্যাচ্চ চন্দনান্যঘনুত্তরে॥

অস্যার্থ। অশ্বঘাতক ব্যক্তির জন্মান্তরে তৎ পাপচিহ্ন বক্রতুণ্ড হয় তাহার প্রায়শ্চিত্তস্বরূপ একশত পল পরিমিত চন্দনকাষ্ঠ দান করত শুদ্ধ হইবে।

অথ মহিষ বধ জন্য কৃষ্ণগুল্ম রোগ এবং খর বধ জন্য খররোম প্রায়শ্চিত্ত।

যথা। মহিষীঘাতনে চৈব কৃষ্ণগুল্মঃ প্রজায়তে খরে বিনিহতে চৈব খররোমা প্রজায়তে। নিষ্ক-ত্রয়স্য প্রকৃতিং সংপ্রদদ্যাদ্ধিরণ্ময়ীং।

অস্যার্থঃ। মহিষী বধকারকের জন্মান্তরে তৎ পাপ সূচিত কৃষ্ণগুল্ম রোগগ্রস্ত হয়। এবং গর্দ্দভ বধে জন্মান্তরে খররোমা হয় উভয় প্রায়শ্চিত্ত নিষ্ক ত্রয় পরিমিত স্বর্ণ নির্ম্মিত প্রতিমা প্রদান করত নিষ্কৃতি হইবে।

অথ তরক্ষ বধ জন্য কাক দৃষ্টি প্রায়শ্চিত্ত।

যথা। তরক্ষৌ নিহতে চৈব জায়তে কেকরে-ক্ষণঃ। দদ্যাদ্রত্নময়ীং ধেনুং স তৎপাতকশান্তয়ে।

অস্যার্থ। তরক্ষ অর্থাৎ মৃগবিশেষ বধকার-কের জন্মান্তরে তৎপাপ চিহ্ন কাকের ন্যায় দৃষ্টি হয় তাহার প্রায়শ্চিত্ত স্বর্ণময় ধেনু প্রদান করিবে।

অথ শূকর বধ জন্য দন্তুর প্রায়শ্চিত্ত।

যথা। শূকরে নিহতে চৈব দন্তরোজায়তে নরঃ। স দদ্যাত্তু বিশুদ্ধ্যর্থং ঘৃতকুম্ভং স দক্ষিণং॥

অস্যার্থঃ। শূকর বধ কারক ব্যাক্তির জন্মা-ন্তরে দন্তুর হয় তৎপাপ ক্ষয়ার্থ দক্ষিণার সহিত ঘৃতকুম্ভ প্রদান করিবে।

অথ হরিণবধ জন্য খঞ্জ এবং শৃগাল বধ জন্য বিগতপাদ প্রায়শ্চিত্ত।

যথা হরিণে নিহতে খঞ্জঃ শৃগালে তু বিপাদকঃ। অশ্বস্তেন প্রদাতব্যঃ সৌবর্ণ পলনির্ম্মিতঃ।

অস্যার্থঃ। হরিণ হননকারক ব্যক্তি জন্মান্তরে তৎপাপসূচিত খঞ্জ হয়। এবং শৃগালবধে বিগত পদ হয় উভয় পাপ ক্ষয়ার্থ একপল স্বর্ণের সহিত অশ্ব প্রদান করিবে।

অথ ছাগবধ জন্য অধিকাঙ্গ প্রায়শ্চিত্ত।

যথা। অজাভিঘাতমে চৈব অধিকাঙ্গঃ প্রজায়তে। অজা তেন প্রদাতব্যা বিচিত্রবস্ত্রসংযুতা॥

অস্যার্থঃ। অবৈধছাগবধে জন্মান্তরে তৎপাপ চিহ্ন অধিকাঙ্গ হয় তাহার প্রায়শ্চিত্ত বিচিত্র বসনান্বিত ছাগ প্রদান করিবে।

অথ উরভ্র বধ জন্য পাণ্ডুরোগঃ প্রায়শ্চিত্ত।

যথা। উরভ্রে নিহতে চৈব পাণ্ডুরোগ প্রজায়তে। কস্তূরিকাপলং দদ্যাদ্ব্রাহ্মণায় বিশুদ্ধয়ে॥

অস্যার্থঃ। উরভ্র অর্থাৎ মেষ বধে জন্মান্তরে তৎপাপ চিহ্ন পাণ্ডুরোগ প্রাপ্ত হয় তাহার প্রায়শ্চিত্ত এক পল পরিমিত মৃগনাভি ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ মার্জ্জার বধজন্য পিঙ্গল চক্ষু প্রায়শ্চিত্ত।

যথা। মার্জ্জারে নিহতে চৈব পীতপাণি প্রজায়তে। পারাবতং স সৌবর্ণং প্রদদ্যান্নিষ্কমাত্রকং॥

অস্যার্থঃ। জন্মান্তরে মার্জ্জারবধজন্য তৎপাপ সূচিত পিঙ্গল লোচন চিহ্ন হয় তৎপাপ ক্ষয়ার্থ নিষ্ক পরিমিত স্বর্ণসহিত পারাবত প্রদান করিবে

অথ শশক বধজন্য কুব্জ কর্ণ রোগ প্রায়শ্চিত্ত।

যথা। শশকে নিহতে চৈব কুব্জকর্ণঃ প্রজায়তে। শয্যাং দদ্যাৎ স বিপ্রায় সোপাধানং স তুলিকাং॥

অস্যার্থ। শশক বধকারকের জন্মান্তরে পাপ চিহ্ন কুব্জকর্ণ হয় তাহার প্রায়শ্চিত্তস্বরূপ উপাধানের সহিত সতুলিকা শয্যা প্রদান করিবে।

অথ সর্প বধজন্য নিদ্রালু প্রায়শ্চিত্ত।

যথা। শয়ালুঃ সর্পহা দদ্যাৎ লৌহ দংশং স দক্ষিণং।

অস্যার্থঃ। সর্প বধকারক ব্যক্তি জন্মান্তরে তৎ পাপ সূচিত অতিশয় নিদ্রাতুর হয় তাহার প্রায়শ্চিত্ত দক্ষিণার সহিত লৌহনির্ম্মিত সর্প প্রদান করিবে।

অথ বৃক বধ জন্য কুব্জরোগ প্রায়শ্চিত্ত।

যথা। কুব্জকো বৃকহা দদ্যাৎ সপ্তধান্যং স কাঞ্চনং।

অস্যার্থঃ। বৃক অর্থাৎ আততায়ী ভিন্ন ক্ষুদ্র ব্যাঘ্র বধকারক ব্যক্তি জন্মান্তরের পাপচিহ্ন কুব্জ হয় তৎপাপ ক্ষয়ার্থ কাঞ্চনের সহিত সপ্তখারী পরিমিত ধান্য প্রদান করিবে।

অথ ময়ূর বধ জন্য কৃষ্ণমণ্ডল প্রায়শ্চিত্ত।

যথা। ময়ূর ঘাতনে চৈব জায়তে কৃষ্ণমণ্ডলঃ। নিষ্কত্রয় মিতং দেয় স্তেন স্বর্ণমিতঃ শিখী।

অস্যার্থঃ। জন্মান্তরীয় ময়ূর বধ জন্য তৎ পাপ চিহ্ন কৃষ্ণবর্ণ মণ্ডলাকৃতি শরীর রোগ গ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত নিষ্কত্রয় পরিমিত স্বর্ণ নির্ম্মিত ময়ূর প্রদান করিবে।

অথ হংস বধ জন্য জাতুমণ্ডল প্রায়শ্চিত্ত।

যথা। হংসঘাতী ভবেৎ যস্তু তস্য স্যাজ্জাতু মণ্ডলং। পলত্রয় মিতং দদ্যাৎ রৌপ্য হংসং বিশুদ্ধয়ে।

অস্যার্থঃ। জন্মান্তরীয় হংস বধ জন্য তৎপাপ চিহ্ন জাতুমণ্ডল রোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত

তিন পল পরিমিত রৌপ্যময় হংস প্রদান ক-রিবেন।

অথ কুক্কুট বধ জন্য বক্রনাশঃ প্রায়শ্চিত্ত।

যথা। কুক্কুট নিহতেচৈব বক্রনাশঃ প্রজায়তে তেন নিষ্কঃ প্রদাতব্যো ব্রাহ্মণায় হিরণ্ময়ঃ।

অস্যার্থঃ। জন্মান্তরীয় কুক্কুট ঘাতকের তৎ পাপ চিহ্ন বক্রনাশ হয় তাহার প্রায়শ্চিত্ত নিষ্ক ত্রয় পরিমিত স্বর্ণময় কুক্কুট প্রদান করিবে।

অথ পারাবত বধ জন্য পীতপাণি প্রায়শ্চিত্ত।

যথা। পারাবত বিনিহতে পীতপাণি প্রজা-য়তে। পারাবতং সসৌবর্ণং প্রদদ্যাৎনিষ্কঃমাত্রকং

অস্যার্থঃ। জন্মান্তরীয় পারাবত বধকারকের তৎপাপ সূচিত পীতবর্ণ হস্তে চিহ্ন হয় তাহার প্রায়শ্চিত্ত নিষ্ক পরিমিত সুবর্ণ পারাবত প্রদান করিবে।

অথ শুকশারী বধ জন্য স্খলিত
বাক্য প্রায়শ্চিত্ত।

যথা। শুকশারিকয়োর্ঘাতে নরঃ স্খলিতবাগ্ ভবেৎ। সচ্ছাস্ত্রপুস্তকং দদ্যাৎ সবিপ্রায় সদক্ষিণং।

অস্যার্থঃ। জন্মান্তরীয় শুকশারী বধকারক ব্যক্তির তৎপাপ চিহ্ন স্খলিত বাক্য হয় অর্থাৎ

তোতলা হয় তাহার প্রায়শ্চিত্ত দক্ষিণার সহিত সৎশাস্ত্র পুস্তক প্রদান করিবে।

অথ বক বধজন্য দীর্ঘনাস প্রায়শ্চিত্ত।

যথা। বকঘাতী দীর্ঘনসোদদ্যাদ্গাং ধবল প্রভাং।

অস্যার্থঃ। জন্মান্তরীয় বকঘাতির পাপ চিহ্ন দীর্ঘ নাসিকা হয় তাহার প্রায়শ্চিত্ত শুক্লবর্ণ গো দান করিবে।

অথ কাক বধ জন্য কর্ণহীন প্রায়শ্চিত্ত।

যথা। কাকঘাতী কর্ণহীনোদদ্যাদ্গামসিত প্রভাং।

অস্যার্থঃ। জন্মান্তরীয় কাকবধকারকের পাপ চিহ্ন কর্ণহীন হয় তাহার প্রায়শ্চিত্ত কৃষ্ণবর্ণ গো প্রদান করিবে।

অথ প্রায়শ্চিত্তপবাদ।

যথা। হিংসায় নিষ্কৃতিরিয়ং ব্রাহ্মণে সমুদাহৃতা। তদর্দ্ধার্দ্ধপ্রমাণেন ক্ষত্রিয়াদিষ্বনুক্রমাৎ। ক্ষত্রিয়ো মৃগয়ায়ান্তু মৃগং নিঘ্নন্ন দুষ্যতি॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় হিংসার নিষ্কৃতি যে রূপ কথিত হইল তাহা ব্রাহ্মণের জানিবা। ক্ষত্রিয়াদের অর্দ্ধার্দ্ধ প্রমাণে প্রায়শ্চিত্ত করিবে। হীন বর্ণ হইলে প্রায়শ্চিত্তের হীন হইবে। কিন্তু ক্ষত্রি-

য়ের মৃগয়াতে কিম্বা যুদ্ধে বধ করিলে দোষ হইবেক না।

যথা। যন্ত্র যোদ্ধাঙ্গমে যুদ্ধে ব্রহ্মণস্তান্ প্রসারয়েৎ। গজাতিকান্ চতুর্দ্দশ সপ্ত সপ্তোত্তরক্রমাৎ নিম্নবাপ্নোতি নরচিহ্নানি কথিতানি চ। ময়ূরাণাং তথা সপ্ত চতুর্দ্দশোত্তর ক্রমাৎ॥

অস্যার্থঃ। যদি ব্রাহ্মণের যজ্ঞাতিরিক্ত যুদ্ধস্থলে গজাদি চতুর্দ্দশ বধ করে তত্রাপি উত্তরোত্তর সপ্ত সপ্ত বধে কথিত চিন হইবে। এবং ময়ূরাদি সপ্ত বধে উত্তরোত্তর চতুর্দ্দশ বধে চিহ্ন হইবেক। ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে বধ প্রায়শ্চিত্তং নামো দ্বিতীয়াধ্যায়ঃ।

অথ জন্মান্তরীয় সুরাপান জন্য শ্যাবদন্ত প্রায়শ্চিত্তং।

যথা। সুরাপঃ শ্যাবদন্তঃ স্যাৎ প্রাজাপত্যান্তরন্তথা। শর্করায়াস্তুলাঃ সপ্ত দদ্যাৎ পাপবিশুদ্ধয়ে॥ জপিত্বাতু মহারুদ্রং দশাংশং জুহুয়াত্তিলৈঃ। ততোঽভিষেকঃ কর্ত্তব্যো মন্ত্রৈর্ব্বরুণদৈবতৈঃ॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় সুরাপান জন্য নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন শ্যাবদন্ত হয় তাহার প্রায়শ্চিত্ত প্রথমত প্রাজাপত্য ব্রত তদভাবে ধেনু

তম্রূল্যম্বা দানানন্তর শর্করার তুলা পুরুষ দান করিবে। তদনন্তর অনুক্ত হেতু অযুত সঙ্খ্যক মহা রুদ্র মন্ত্র জপ তদ্দশাংশ তিলাজ্য হোম করিবে তদনন্তর বরুণ মন্ত্রের দ্বারা যজমান অভিষিক্ত হইয়া শুদ্ধ হইবে।

অথ মদ্যপান জন্য রক্তপিত্ত রোগ প্রায়শ্চিত্ত।

যথা। মদ্যপো রক্তপিত্তি স্যাৎ স দদ্যাৎ সর্পিষোঘটং। মধুনোঽর্দ্ধঘটঞ্চৈব স হিরণ্যং বিশুদ্ধয়ে।

অস্যার্থঃ। গোড়ী পৌষ্ঠী ভিন্ন বারুণী যন্ত্রোদ্ভব মাদক দ্রব্যের নাম মদ্য তৎপানে তৎপাপ চিহ্ন জন্মান্তরে রক্তপিত্ত রোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয়ার্থ ঘৃতকুম্ভ এবং অর্দ্ধঘট পুরিত মধু হিরণ্যের সহিত প্রদান করিবে।

অথ ক্রমিকোদর প্রায়শ্চিত্ত।

যথা। অভক্ষ্য ভক্ষণে চৈব জায়তে ক্রমিকোদরঃ। যথাবর্ত্তেন শুদ্ধ্যর্থমুপোষ্যং ভীষ্মপঞ্চকং॥ উদক্যাবীক্ষিত ভুক্ত্বা জায়তে ক্রমিকোদরঃ। গোমূত্রযাবকাহার স্ত্রিরাত্রেণৈব শুদ্ধ্যতি॥ ভুক্ত্বা চাস্পৃশ্য সংস্পৃষ্টং জায়তে ক্রমিকোদরঃ। ত্রিরাত্রং সমুপোষ্যর্থ স তৎপাপ প্রমুচ্যতে। অন্নং কাকা-

ন্তুপহতং সাধু মার্জ্জার ভক্ষিতং। ভুক্ত্বা ত্রিকালং গোমূত্রং ভোজয়েৎ ব্রাহ্মণত্রয়ং॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় অভক্ষ্য ভক্ষণে তৎ পাপচিহ্ন ক্রমিকোদর রোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত পঞ্চরাত্রোপবাস। এবং রজঃস্বলা দৃষ্টান্ন ভোজনে ক্রমিকোদর রোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত গোমূত্র সিদ্ধ যাবক ত্রিরাত্র ভোজন। এবং অস্পৃশ্য স্পৃষ্ট্যান্ন ভোজনে ক্রমিকোদর রোগ গ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত ত্রিরাত্র উপবাস মাত্র এবং কাক মার্জ্জার ইন্দুরাদি আহতান্ন ভোজনে ত্রিকাল গোমূত্র পান এবং ব্রাহ্মণত্রয় ভোজন প্রায়শ্চিত্ত এই কর্ম্মত্রয় জন্য ক্রমিকোদর রোগ ত্রিবিধ প্রকার কহিয়াছেন তাহাতে রোগের ন্যূনাধিক্য বোধ পুরঃসর কর্ম্মের ন্যূনাধিক্য জানিয়া প্রায়শ্চিত্ত করিবে ইতি।

অনিবেদিত দ্রব্য ভোজনজন্য অলস প্রায়শ্চিত্ত।

যথা। অনিবেদ্য সুরাদিভ্যো ভুঞ্জনো জায়তে লসঃ। ভোজয়েৎ দ্বিশতং বিপ্রান্ সহস্রম্বা প্রমাণতঃ।

অস্যার্থঃ। দেবতাদিগের অনিবেদিত দ্রব্য ভোজনে জন্মান্তরে তৎপাপ চিহ্ন অলসবিশিষ্ট

হয় তাহার প্রায়শ্চিত্ত সহস্র ব্রাহ্মণ ভোজন অ-
শক্তে দ্বিশত ব্রাহ্মণ ভোজন করাইবা।

পরান্ন বিঘ্নকরণ জন্য অজীর্ণ রোগ প্রায়শ্চিত্ত।

যথা। পরান্নবিঘ্নকরণাদজীর্ণ মভিজায়তে।
লক্ষ হোমং স কুর্ব্বীত প্রায়শ্চিত্তং যথাবিধি ॥

অস্যার্থঃ। পরকীয় ভোজনে বিঘ্ন বিকার
ব্যক্তি জন্মান্তরে তৎপাপ চিহ্ন অজীর্ণ রোগগ্রস্ত
হয়। তাহার প্রায়শ্চিত্ত অনুক্ত হেতু সর্ব্বদেব মন্ত্রো-
চ্চরির লক্ষ সঙ্খ্যক হোম করিবে

অথ কদন্ন দান জন্য মন্দোদরাগ্নি প্রায়শ্চিত্ত।

যথা। মন্দোদরাগ্নির্ভবতি সতি দ্রব্যে কদন্নদঃ।
প্রাজাপত্যত্রয়ং কুর্য্যাদ্ভোজয়েচ্চ শতং দ্বিজান্।

অস্যার্থঃ। উত্তমান্নসত্বে কুৎসিতান্ন দান ক-
রিলে জন্মান্তরে তৎপাপ চিহ্ন মন্দোদরাগ্নিরোগ
গ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত প্রাজাপত্যত্রয় তদ-
ভাবে ধেনুত্রয় তন্মূল্যম্বা দানানন্তর শত ব্রাহ্মণ
ভোজন করাইবেন।

অথ বিষদান জন্য ছর্দ্দিরোগ প্রায়শ্চিত্ত।

যথা। বিষদঃ স্যাচ্ছর্দ্দিরোগী দদ্যাদ্দশ পয়স্বিনীঃ।

অস্যার্থঃ। জন্মান্তরীয় বিষদান জন্য তৎপাপ
চিহ্ন ছর্দ্দিরোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত দশ সং-

ত্মাক দুগ্ধবতী গো দান করিলে তৎপাপ ক্ষয় হইবে।

অথ মার্গহরণ জন্য পাদরোগ প্রায়শ্চিত্ত।

যথা। মার্গহা পাদরোগী স্যাৎ সোঽশ্বদানং সমাচরেৎ।

অস্যার্থঃ। মার্গ হরণ অর্থাৎ পথ নষ্ট করিলে জন্মান্তরে তৎপাপ চিহ্ন পাদরোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত অশ্বদান করিলে পাপ ক্ষয় হইবে।

অথ কর্ণসূচক জন্য শ্বাসকাস রোগ প্রায়শ্চিত্ত।

যথা। পিশুনো নরকস্যান্তে জায়তে শ্বাস-কাসবান্। ঘৃতং তেন প্রদাতব্যং সহস্রপলসম্মিতং।

অস্যার্থঃ। জন্মান্তরে পিশুন অর্থাৎ কুমন্ত্রদ্বারা পরমন্দকারক ব্যক্তির নরক ভোগাবসানে মনুষ্য শরীরে তৎপাপ চিহ্ন শ্বাসকাশ রোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয়ার্থ সহস্র পল পরিমিতি ঘৃত দান করিবা।

অথ অপস্মর রোগ প্রায়শ্চিত্ত।

যথা। ধূর্ত্তোঽপস্মাররোগী স্যাৎ স তৎপাপ বিশুদ্ধয়ে। ব্রহ্মকূর্চ্চময়ীং ধেনুং দদ্যাদ্দাঞ্চ স দক্ষিণাং॥

অস্যার্থঃ। ধূর্ত্ত ব্যক্তি জন্মান্তরে অপস্মররোগ

গ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত ব্রহ্মকূর্চ্চময় ধেনু এবং দক্ষিণার সহিত গো দান করিলে পাপ হইতে মুক্ত হইবে।

অথ পরোপতাপদায়কস্য শূলরোগ প্রায়শ্চিত্ত।

যথা। শূলী পরোপতাপেন জায়তে তৎ প্রমোচনে। সোঽন্নদানং প্রকুর্ব্বীত তথা রুদ্রং জপেন্নরঃ॥

অস্যার্থঃ। পরের উপতাপ দায়ক ব্যক্তির জন্মান্তরে শূলরোগ গ্রস্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত অন্ন দান করিবে এবং অনুক্ত হেতু অযুত সংখ্যক রুদ্রমন্ত্র জপ করিবে।

অথ দাবাগ্নিদায়কস্য রক্তাতিসার প্রায়শ্চিত্ত।

যথা। দাবাগ্নিদায়কশ্চৈব রক্তাতিসারবান্ ভবেৎ। তেনোদপানং কর্ত্তব্যং রোপণীয়স্তথা বটঃ॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় দাবাগ্নিদায়কের রক্তাতিসার রোগ হয় তাহার প্রায়শ্চিত্ত জলাশয় অন্ন দান ও বটবৃক্ষ রোপণ করিবে।

অথ গুহ্যরোগ প্রায়শ্চিত্ত।

যথা। সুরালয়ে জলেবাপি শকৃন্মূত্রং করোতি যঃ। গুদরোগো ভবেত্তস্য পাপরূপঃ সুদারুণঃ।

মাসং সুরার্চ্চনে নৈব গোদানদ্বিতয়েন তু। প্রাজা-পত্যে ন চৈকেন শাম্যতি গুদজা রুজঃ॥

অস্যার্থঃ। দেবালয়ে কিম্বা জলমধ্যে বিষ্ঠা মূত্র পরিত্যাগ করিলে জন্মান্তরে তৎপাপরূপ গুহ্যদেশে রোগবিশেষ হয় তৎপাপের শমতা দেবপূজা এবং গোদ্বয় দান এবং প্রাজাপত্য করিতে হইবে। প্রাজাপত্য ব্রতাদ্যশক্তৌ ধেনুদান তন্মূল্যইবা দিবা।

অথ গর্ভপাত জন্য যকৃৎ প্লীহ জলো-দর রোগ প্রায়শ্চিত্ত।

যথা। গর্ভপাতনজা রোগা যকৃৎ প্লীহ জলো-দরাঃ। তেষাং প্রশমনার্থায় প্রায়শ্চিত্তমিদং স্মৃতং এতেষু দদ্যাদ্বিপ্রায় জলধেনুং বিধানতঃ। সুবর্ণ রূপ্যতাম্রাণাং পলত্রয় সমন্বিতাং॥

অস্যার্থঃ। জন্মান্তরে গর্ভপাত করাইলে ইহ জন্মে যকৃৎ প্লীহ এবং জলোদর রোগগ্রস্ত হয়। যকৃৎ পদে দক্ষিণাংশে গোলাকার প্লীহ অর্থাৎ কাঁসোর এই পাপের শমতা হেতু ব্রাহ্মণকে ক্র-মেতে সুবর্ণ রৌপ্য তাম্র প্রত্যেকের পলত্রয় সহিত জল ধেনু প্রদান করিবে।

অথ প্রতিমাভঙ্গ জন্য অপ্রতিষ্ঠা প্রায়শ্চিত্ত।

যথা। প্রতিমাভঙ্গকারী চ অপ্রতিষ্ঠ প্রজায়তে। সম্বৎসরত্রয়ং সিঞ্চেদশ্বত্থং প্রতিবাসরং। উদ্বাহয়েত্তমশ্বত্থং স্বগৃহ্যোক্তবিধানতঃ। তত্র সংস্থাপয়েদ্দেবং বিঘ্নরাজং সুপূজিতং।

অস্যার্থঃ। দেবপ্রতিমা ভঙ্গকারক ব্যক্তির জন্মান্তরে সর্ব্বত্র অপ্রতিষ্ঠ হয় অর্থাৎ কুত্রাপি মান্য হয় না। তৎপাপ ক্ষয়ার্থ তিন বৎসরাবধি প্রতিবাসরে অশ্বত্থ বৃক্ষের অভিষেক করিবে। এবং গৃহ্যোক্ত বিধানে অশ্বত্থ বটের বিবাহ দিয়া তত্র স্থলে বিঘ্নরাজ গণেশ প্রতিমা পূজা করিয়া সংস্থাপনা করিবে।

অথ কটুবাদীর খণ্ডিত প্রায়শ্চিত্ত।

যথা। দুষ্টবাদী খণ্ডিতঃ স্যাৎ সবৈ দদ্যাদ্দ্বিজায়তে। রূপ্যং পলদ্বয়ং দুগ্ধং ঘটদ্বয়সমন্বিতং॥

অস্যার্থঃ। দুষ্টবাদী অর্থাৎ সর্ব্বদা সকলকে কটু বাক্য কহে সে ব্যক্তি জন্মান্তরে খণ্ডিত হয় অর্থাৎ সর্ব্বত্রই অপমানিত হয় তাহার প্রায়শ্চিত্ত দুই পল রৌপ্যের সহিত ঘটদ্বয় পরিপূর্ণ দুগ্ধ প্রদান করিবে।

অথ পরনিন্দা জন্য টাকরোগ প্রায়শ্চিত্ত।

যথা। খল্লাটঃ পরনিন্দাবান্ ধেনুং দদ্যাৎ স কাঞ্চনাং।

অস্যার্থঃ। পরনিন্দক ব্যক্তির জন্মান্তরে খল্লীট অর্থাৎ টাকরোগ হয়। তাহার প্রায়শ্চিত্ত দুগ্ধবতী ধেনু দান করিবে।

অথ পরোপহাস জন্য কাণরোগ প্রায়শ্চিত্ত।

যথা। পরোপহাসকৃৎ কাণঃ স গাং দদ্যাৎ স মৌক্তিকং।

অস্যার্থঃ। পরের উপহাসকারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপ চিহ্ন কাণরোগ হয় অর্থাৎ অন্ধ অপেক্ষা কাণা বিশেষ কিঞ্চিৎ দর্শনে ক্ষমতা থাকে তাহার প্রায়শ্চিত্ত মুক্তার সহিত গোদান করিবে।

অথ পক্ষপাতী জন্য পক্ষাঘাৎ রোগ প্রায়শ্চিত্ত।

যথা। সভায়াং পক্ষপাতী চ জায়তে পক্ষবাতবান্। নিষ্কত্রয়মিতং হেম সদদ্যাৎ সত্যবর্ত্তিনাং

অস্যাথঃ। সভামধ্যে পক্ষপাৎকারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপ চিহ্ন পক্ষাঘাৎ রোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত নিষ্কত্রয় পরিমিত স্বর্ণ শতব্রত্তি ব্রাহ্মণে প্রদান করিবে।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে প্রকীর্ণপ্রায়-
শ্চিত্তং নাম তৃতীয়াধ্যায়।

অথ বিপ্র স্বর্ণস্তেয় জন্য কুনখরোগ প্রায়শ্চিত্ত।

যথা। কুলঘ্নোনরকস্যান্তে জায়তে বিপ্রহেম-হৃৎ। স তু স্বর্ণশতং দদ্যাৎ কৃত্বা চান্দ্রায়ণত্রয়ং॥

অস্যার্থঃ। বিপ্র স্বর্ণ চৌর্য্যকারকের নরক ভোগাবসানে তৎপাপ চিহ্ন কুনখরোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত অশীতি রত্তিকা পরিমিত স্বর্ণদান এবং চান্দ্রায়ণ ত্রয়করত নিষ্পাপ হইবে।

তাম্রচোর জন্য শ্বেত্রী বিশেষ রোগ প্রায়শ্চিত্ত।

যথা। ঔড়ুম্বরীতাম্রচৌরোনরকান্তে প্রজায়তে প্রাজাপত্যং স কৃত্বাত্র তাম্রং পলশতং দিশেৎ।

অস্যার্থঃ। তাম্রচৌরকারকের নরক ভোগানন্তর তৎপাপ সূচিত ঔড়ুম্বর অর্থাৎ শ্বেত্রী বিশেষরোগ হয়। তৎপাপ ক্ষয় তদর্থক প্রাজাপত্য ব্রত এবং একশত পল পরিমিত তাম্র প্রদান করিবে। পল পরিমাণন্তু ৮রত্তিকা ২মাষা ৩তোলা।

অথ কাংস্যচৌর্য্য জন্য দ্রুদ্দরোগ প্রায়শ্চিত্ত।

যথা। কাংস্যহারী চ ভবতি পুণ্ডরীকসমন্বিতঃ কাংস্যং পলশতং দদ্যাদ্দলংকৃত্য দ্বিজাতয়ে।

অস্যার্থঃ। কাংস্যচৌর ব্যক্তি জন্মান্তরে তৎ পাপ চিহ্ন পুণ্ডরীক অর্থাৎ দদ্রু বিশেষ রোগগ্রস্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত শত পল সংখ্যক কাংস্য অলংকৃত্বা অর্থাৎ বস্ত্রাদি পূর্ব্বক ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ শুক্তিচৌর জন্য পাণ্ডুবর্ণ কেশ প্রায়শ্চিত্ত।

যথা। মুক্তাহারী চ পুরুষোজায়তে পিঙ্গমূর্দ্ধজঃ মুক্তাফলশতং দদ্যাদুপোষ্য স বিধানতঃ।

অস্যার্থঃ। শুক্তি অর্থাৎ মুক্তাজনক দ্রব্য বিশেষ চৌর্য্য করিলে জন্মান্তরে তৎপাপ চিহ্ন পাণ্ডুবর্ণ কেশ হয়। তাহার প্রায়শ্চিত্ত যথা বিধি উপবাসী হইয়া একশত পল মুক্তা ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ ত্রপু চৌর জন্য শ্লেষ্মরোগ প্রায়শ্চিত্ত।

যথা। ত্রপুহারী চ পুরুষো জায়তে নেত্ররোগবান্। উপোষ্য দিবসং সোঽপি দদ্যাৎ পলশতং ত্রপু।

অস্যার্থঃ। ত্রপু অর্থাৎ রাঙ্গ চৌর্য্যকারক জন্মান্তরে তৎ পাপ চিহ্ন শ্লেষ্মরোগগ্রস্ত হয় তাহার

প্রায়শ্চিত্ত এক দিবস উপবাস করণানন্তর একশত পল পরিমিত ত্রপু প্রদান করিবে।

অথ সীসা চৌর জন্য শীর্ষরোগ প্রায়শ্চিত্ত।

যথা। সীসহারী চ পুরুষোজায়তে শীর্ষরোগবান্।
সীস পলশতং দদ্যাৎ উপোষ্য স তু বাসরং।

অস্যার্থঃ। সীসক হরণ কারকের জন্মান্তরে তৎপাপ চিহ্ন শীর্ষরোগ হয়। তাহার প্রায়শ্চিত্ত এক দিন উপবাসানন্তর একশত পল পরিমিত সীসক প্রদান করিবে।

অথ ঘৃতচৌর জন্য নেত্ররোগ প্রায়শ্চিত্ত।

যথা। ঘৃতচৌরস্তু পুরুষোজায়তে নেত্ররোগবান্।
উপোষ্য দিবসং দদ্যাদ্ঘৃতধেনুং বিধানতঃ॥

অস্যার্থঃ। ঘৃতচৌর ব্যক্তি জন্মান্তরে তৎপাপ চিহ্ন নেত্ররোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয় তদর্থক বিধানক্রমে উপবাস করত ঘৃত ধেনু দানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

অথ দুগ্ধ চৌর জন্য বহুমূত্ররোগ
প্রায়শ্চিত্ত।

যথা। দুগ্ধহারী চ পুরুষোজায়তে বহুমূত্রকঃ।
স দদ্যাদ্দুগ্ধধেনুঞ্চ ব্রাহ্মণায় যথাবিধি॥

অস্যার্থঃ। দুগ্ধচৌর ব্যক্তি জন্মান্তরে তৎপাপ

চিহ্ন বহুমূত্র রোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয়ার্থ দুগ্ধ-বতী ধেনু ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ দধিচৌর জন্য মত্ততা প্রায়শ্চিত্ত।

যথা। দধীচৌর্য্যেণ পুরুষোজায়ন্তে মদবান্ যতঃ
দধিধেনুঃ প্রদাতব্যা তেন বিপ্রায় শুদ্ধয়ে॥

অস্যাথঃ। জন্মান্তরীয় দধি হরণ জন্য তৎ পাপ সূচিত মত্ততা হয় তদ্দোষ শান্তির কারণ দধি ধেনু দান করিবে।

অথ মধুচৌর জন্য মদগন্ধ প্রায়শ্চিত্ত।

যথা। মধুচৌরস্তু পুরুষোজায়তে মদগন্ধবান্।
স দদ্যাম্মধুধেনুঞ্চ স মুপোষ্য দ্বিজাতয়ে॥

অস্যার্থঃ। মধু চৌর ব্যক্তির জন্মান্তরে তৎ পাপ চিহ্ন শরীরে মদ্যগন্ধ হয় তৎপাপ ক্ষয়ার্থে উপবাসী হইয়া মধু ধেনু দান করিবে।

ইক্ষু বিকার হরণ জন্য গুল্মরোগ প্রায়শ্চিত্ত।

যথা। ইক্ষোর্ব্বিকারহারী চ ভবেদুদরগুল্মবান্
গুড়ধেনুঃ প্রদাতব্যা তেন তদ্দোষ শান্তয়ে॥

অস্যাথঃ। জন্মান্তরীয় ইক্ষুবিকার অর্থাৎ গু-ড়াদি হরণ জন্য তৎপাপ সূচিত উদরে গুল্মরোগ গ্রস্ত হয়। তদ্দোষ শান্ত্যর্থ গুড় ধেনু দানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

অথ লৌহ হরণ জন্য কর্ব্বূরাঙ্গ প্রায়শ্চিত্ত।

যথা। লোহহারী চ পুরুষঃ কর্ব্বূরাঙ্গঃ প্রজায়তে। লোহং পলশতং দদ্যাদুপোষ্য স তু বাসরং॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় লৌহ হরণকারকের কর্ব্বূরাঙ্গ দেহ হয় তাহার প্রায়শ্চিত্ত এক দিবস উপবাসী হইয়া একশত পল পরিমিত লৌহ দান করিলে তৎপাপ হইতে মুক্ত হইবে।

অথ তৈলচৌর্য্য জন্য কণ্ডুরোগ প্রায়শ্চিত্ত।

যথা। তৈলচৌরস্তু পুরুষো ভবেৎ কণ্ড্বাদিপীড়িতঃ। উপোষ্য স তু বিপ্রায় দদ্যাত্তৈলঘটদ্বয়ং॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় তৈল চৌর ব্যক্তি তৎ পাপ সূচিত কণ্ড্বাদি রোগে পীড়িত হয় কণ্ডু পদে চুল্‌কনা আদি পেঁচড়া ইত্যাদি তাহার প্রায়শ্চিত্ত উপবাসী হইয়া ঘটদ্বয় পূরিত তৈল দান করিলে তৎপাপ ক্ষয় হইবে।

অথ আমান্ন হরণ জন্য হীনদীপ্তি প্রায়শ্চিত্ত।

যথা। আমান্নহরণাচ্চৈব হীনদীপ্তি প্রজায়তে। স দদ্যাদশ্বিনৌ হেম নিষ্কদ্বয়বিনির্ম্মিতৌ॥

অস্যার্থঃ। আমান্ন চৌর্য্যকারকের জন্মান্তরে তৎপাপ চিহ্ন হীন দীপ্তি হয়। তাহার প্রায়শ্চিত্ত

নিষ্ক পরিমিত হৈম অশ্বিনীকুমার প্রতিমা দান করিলে শুদ্ধি হইবে।

অথ পক্বান্ন হরণ জন্য জিহ্বারোগ প্রায়শ্চিত্ত।

যথা। পক্বান্নহরণাচ্চৈব জিহ্বারোগ প্রজায়তে গায়ত্র্যাঃ স জপেল্লক্ষং দশাংশং জুহুয়াত্তিলৈঃ।

অস্যার্থঃ। জন্মান্তরে পক্বান্ন চৌর্য্য করিলে তৎপাপ চিহ্ন জিহ্বারোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয়ার্থ লক্ষ সংখ্যক গায়ত্রী জপ তদ্দশাংশ তিলাষ্ট হোম করত শুদ্ধি হইবে।

অথ ফলচৌর্য্য জন্য অঙ্গুলি ব্রণ প্রায়শ্চিত্ত।

যথা। ফলহারী চ পুরুষোজায়তে ব্রণিতাঙ্গুলিঃ। নানাফলানামযুতং স দদ্যাচ্চ দ্বিজন্মনে॥

অস্যার্থঃ। জন্মান্তরে ফলহারকের তৎপাপ চিহ্ন ব্রণাঙ্গুলী হয়। তাহার প্রায়শ্চিত্ত অযুত সংখ্যাক অশেষ ফল ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ তাম্বূল হরণ জন্য শ্বেতোষ্ঠ প্রায়শ্চিত্ত।

যথা। তাম্বূলহরণাচ্চৈব শ্বেতৌষ্ঠঃ সংপ্রজায়তে। সদক্ষিণং প্রদদ্যাচ্চ বিদ্রুমস্য দ্বয়ং বরঃ।

অস্যার্থঃ। তাম্বূল হরণ জন্য জন্মান্তরে তৎপাপ চিহ্ন শ্বেতোষ্ঠ হয় তাহার প্রায়শ্চিত্ত

শ্রেষ্ঠ বিদ্রুম দ্বয় অর্থাৎ গাছপলা দ্বয় দক্ষিণার সহিত ব্রাহ্মণকে প্রদান করিবে।

অথ শাক চৌর্য্য জন্য নীলনেত্র প্রায়শ্চিত্ত।

যথা। শাকহারী চ পুরুষো জায়তে নীললোচনঃ। ব্রাহ্মণায় প্রদদ্যাদ্বৈ মহানীলমণি দ্বয়ং॥

অস্যার্থঃ। জন্মান্তরে শাক চোর ব্যক্তির তৎ পাপ চিহ্ন নীলবর্ণ নেত্র হয়। তাহার প্রায়শ্চিত্ত মহৎ অর্থাৎ উত্তম নীলমণি দ্বয় ব্রাহ্মণকে দান করিবে।

অথ কন্দমূল হরণ জন্য হ্রস্বপাণি প্রায়শ্চিত্ত।

যথা। কন্দমূলস্য হরণাদ্ধ্রস্বপাণিঃ প্রজায়তে। দেবতায়তনং কার্য্যমুদ্যানং তেন শক্তিতঃ।

অস্যার্থঃ। জন্মান্তরীয় স্কন্দ মূল হরণ জন্য তৎপাপ সূচিত হ্রস্বপাণি হয় তৎপাপ ক্ষয়ার্থ শক্ত্যনুসারে দেবগৃহ করিবে।

অথ সৌগন্ধিক দ্রব্য হরণ জন্য দুর্গন্ধাঙ্গ প্রায়শ্চিত্ত।

যথা। সৌগন্ধিকস্য হরণাদ্দুর্গন্ধাঙ্গঃ প্রজায়তে। স লক্ষমেকং পদ্মানাং জুহুয়াজ্জাতবেদসি।

অস্যার্থঃ। জন্মান্তরে সৌগন্ধি দ্রব্য হরণ করিলে তৎপাপ চিহ্ন দুর্গন্ধাঙ্গ শরীর হয় তাহার

প্রায়শ্চিত্ত পদ্মের দ্বারা বিষ্ণুর হোম করিলে পাপ ক্ষয় হইবে।

অথ কাষ্ঠচৌর জন্য স্বিন্ন হস্ত প্রায়শ্চিত্ত।

যথা। দারুহারী চ পুরুষ স্বিন্নপাণিঃ প্রজায়তে স দদ্যাদ্দ্বিজুষে শুদ্ধৌ কাশ্মীরজ পলদ্বয়ং॥

অস্যার্থঃ। জন্মান্তরে কাষ্ঠ চৌর ব্যক্তির তৎ পাপ চিহ্ন স্বিন্ন হস্ত হয় তৎপাপ শুদ্ধ্যর্থ পলদ্বয় পরিমিত রক্তচন্দন ব্রাহ্মণকে দান করিবে।

অথ বিদ্যাপুস্তক চৌর্য্য জন্য মূক প্রায়শ্চিত্ত।

যথা। বিদ্যাপুস্তকহারী চ কিল মূকঃ প্রজায়তে। ন্যায়েতিহাসং দদ্যাৎ স ব্রাহ্মণায় স দক্ষিণং॥

অস্যার্থঃ। জন্মান্তরে বিদ্যা পুস্তক চৌর ব্যক্তির তৎপাপ চিহ্ন মূক অর্থাৎ অস্পষ্ট বাক্য হয় তাহার প্রায়শ্চিত্ত ন্যায় কিম্বা ইতিহাস পুস্তক লেখাইয়া দক্ষিণার সহিত ব্রাহ্মণকে দান করিবে।

অথ বস্ত্র চৌর্য্য জন্য কুষ্ঠ বিশেষ রোগ প্রায়শ্চিত্ত।

যথা। বস্ত্রহারী ভবেৎ কুষ্ঠী সংপ্রদদ্যাৎপ্রজাপতিং। হেম নিষ্কমতশ্চৈব বস্ত্রযুগ্মং দ্বিজাতয়ে।

অস্যার্থঃ। জন্মান্তরে বস্ত্রচৌর ব্যক্তি তৎপাপ

চিহ্ন কুষ্ঠ বিশেষ রোগগ্রস্ত হয় অর্থাৎ সর্ব্বাঙ্গে ছুলি হয়। তাহার প্রায়শ্চিত্ত নিষ্ক পরিমিত স্বর্ণ প্রজাপতি প্রতিমা প্রদান করিবা এবং বস্ত্রযুগ্ম প্রদান করিবা।

অথ লোমজ বস্ত্র চৌর্য্য জন্য লোমশ
রোগ প্রায়শ্চিত্ত।

যথা। ঊর্ণাহারী লোমশঃ স্যাৎ স দদ্যাৎ কম্বলান্বিতং। স্বর্ণনিষ্কমিতং হেম বহ্নিং দদ্যাদ্দ্বিজাতয়ে॥

অস্যার্থঃ। ঊর্ণা অর্থাৎ লোমজ বস্ত্রহারক ব্যক্তির তৎপাপ চিহ্ন লোমশ হয় অর্থাৎ শরীরে বহু লোম হয় তাহার প্রায়শ্চিত্ত অগ্নিপূজা পূর্ব্বক কম্বলান্বিত করিয়া এক নিষ্ক স্বর্ণ ব্রাহ্মণদিগকে প্রদান করিবে।

অথ পট্টসূত্র চৌর্য্য জন্য বিলোম প্রায়শ্চিত্ত।

যথা। পট্টসূত্রস্য হরণান্নির্লোমা জায়তে নরঃ তেন ধেনুঃ প্রদাতব্যা বিশুদ্ধ্যর্থং দ্বিজন্ময়ে॥

অস্যার্থঃ। পট্টসূত্র চৌর্য্যকারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপ চিহ্ন লোমরহিত শরীর হয় তৎ পাপ শুদ্ধ্যর্থ ব্রাহ্মণকে ধেনু প্রদান করিবে।

অথ ঔষধহরণ জন্য সূর্য্যাবর্ত্ত রোগ প্রায়শ্চিত্ত।

যথা। ঔষধস্যাপহরণে সূর্য্যাবর্ত্তঃ প্রজাতয়ে।
সূর্য্যায়ার্ঘ্য প্রদাতব্যো মাসং দেয়ঞ্চ কাঞ্চনং॥

অস্যার্থঃ। ঔষধ অপহরণ জন্য জন্মান্তরে তৎ পাপ চিহ্ন সূর্য্যাবর্ত্ত বিশেষ রোগগ্রস্ত হয় তাহার প্রায়শ্চিত্ত এক মাসাবধি সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া কাঞ্চন দান করিবে।

অথ রক্তবস্ত্র এবং প্রবাল চৌর্য্য জন্য
রক্তবাত প্রায়শ্চিত্ত।

যথা। রক্তবস্ত্রপ্রবালাদিহারী স্যাদ্রক্তবাতবান্
সবস্ত্রাং মহিষীং দদ্যান্মণিরাগ সমন্বিতাং॥

অস্যার্থঃ। রক্তবস্ত্র এবং প্রবাল হরণ করিলে জন্মান্তরে তৎপাপ চিহ্ন রক্তবাত রোগগ্রস্ত হয় তৎপাপ ক্ষয়ার্থ মণিরাগ সমন্বিতা সবস্ত্র মহিষী দান করিবে।

অথ বিপ্ররত্ন চৌর্য্য জন্য অনপত্য প্রায়শ্চিত্ত।

যথা। বিপ্ররত্নাপহারী চাপ্যনপত্যঃ প্রজায়তে। তেন কার্য্যং বিশুদ্ধ্যর্থং মহারুদ্রজপাদিকং মৃতবৎসোদিতঃ সর্ব্বোবিধিরত্র বিধীয়তে। দশাংশহোমঃ কর্ত্তব্যঃ পলাশেন যথা বিধি॥

অস্যার্থঃ। বিপ্রের রত্নহারক ব্যক্তির জন্মান্তরে তৎ পাপসূচিত অনপত্য হয় তৎপাপ ক্ষয় তদ-

র্থক মহারুদ্র জপ করিবে এবং মৃতবৎস দোষ জন্মে তাহাতে পলাশ সমিধদ্বারা জপের দশাংশ হোম করিবে।

অথ দেব হরণ জন্য বিবিধ জ্বর প্রায়শ্চিত্ত।

যথা। দেবস্য হরণাচ্চৈব জায়তে বিবিধোজ্বরঃ। জ্বরোমহাজ্বরশ্চৈব রৌদ্রোবৈষ্ণবএব চ। জ্বরেরৌদ্রং জপৎ কর্ণে মহারুদ্রং মহাজ্বরে। অতিরৌদ্রং জপেদ্রৌদ্রে বৈষ্ণবে তদ্দ্বয়ং জপেৎ।

অস্যার্থঃ। দেবচৌর্য্যকারক ব্যক্তির জন্মান্তরে বিবিধ জ্বরগ্রস্ত হয় অর্থাৎ জ্বর ও মহাজ্বর ও রৌদ্র জ্বর ও বৈষ্ণবজ্বর হয়। ইহাদিগের শমতা ক্রমে-তেই কহিতেছেন। যথা। জ্বর হইলে রোগীর কর্ণে রুদ্রমন্ত্র জপ করিবা এবং মহাজ্বরে মহারুদ্র মন্ত্র জপ করিবা এবং রৌদ্রজ্বরে অতিরৌদ্র জপ করিবা বৈষ্ণবজ্বরে রুদ্র এবং মহারুদ্র জপ করিবা।

অথ নানাবিধ দ্রব্য চৌর্য্য জন্য গৃহিণী রোগ প্রায়শ্চিত্ত।

যথা। নানাবিধ দ্রব্যচৌরো জায়তে গ্রহিণী-যুতঃ। তেনান্নোদকবস্ত্রাণি হেম দেয়ঞ্চ শক্তিতঃ॥

অস্যার্থঃ। বিবিধ দ্রব্য চৌরকারক ব্যক্তি জন্মান্তরে তৎপাপ চিহ্ন গৃহিণী রোগযুক্ত হয়।

তৎপাপ ক্ষয় হেতুক শক্তিক্রমে অন্ন জল বস্ত্র কাঞ্চন দান করিবা। ইতি শাতাতপীয় কর্ম্ম বিপাকে স্তেয় প্রায়শ্চিত্ত নাম চতুর্থোঽধ্যায়ঃ।

অথ মাতৃ গমন জন্য লিঙ্গনাশ প্রায়শ্চিত্ত।

যথা। মাতৃগামী ভবেদ্যস্তু লিঙ্গং তস্য বিনশ্যতি। চাণ্ডালীগমনেচৈব হীনকোষঃ প্রজায়তে॥ অস্যার্থঃ। মাতৃগমনকারক ব্যক্তির নরক ভোগানন্তর তৎপাপ চিহ্ন লিঙ্গ নষ্ট হয় এবং চাণ্ডালিনী গমন জন্য জন্মান্তরে তৎপপ চিহ্ন হীনমুষ্ক হয় ইহাদের প্রায়শ্চিত্ত।

যথা। তস্য প্রতিক্রিয়াং কর্ত্তুং কুম্ভমুত্তরতোন্যসেৎ। কৃষ্ণবস্ত্র সমচ্ছন্নং কৃষ্ণমাল্যাবিভূষিতং॥ তস্যোপরি ন্যসেদ্দেবং কাংস্যপাত্রে ধনেশ্বরং। সুবর্ণ নিষ্কষট্কেন নির্ম্মিতং-নরবাহনং॥ যজেৎ পুরুষসূক্তেন ধনদং বিশ্বরূপিণং। অথর্ব্ববেদবিদ্বিপ্রোহ্যাথর্ব্বণং সমাচরেৎ॥ সুবর্ণপুত্রিকাং কৃত্বা নিষ্ক বিংশতিসংখ্যয়া। দদ্যাদ্বিপ্রায় সংপূজ্য নিষ্পাপোঽহমিতি ব্রুবন্॥ নিধীনামধিপোদেবঃ শঙ্করস্যপ্রিয়ঃ সখা। সৌম্যাশাধিপতিঃ শ্রীমান্ মম পাপং ব্যপোহতু॥ ইমং মন্ত্রং সমুচ্চার্য্য আচা-

র্য্যায় যথা বিধিঃ। দদ্যাদ্দেবং হীনকোষে লিঙ্গ-
নাশে বিশুদ্ধয়ে ॥

অস্যার্থঃ। মাতৃগমন জন্য লিঙ্গ নাশ এবং চা
ণ্ডালিনী গমন জন্য হীন মুস্ক প্রায়শ্চিত্ত। যথা।
প্রথমত দেবীর উত্তরাংশে এক কুম্ভ কৃষ্ণবস্ত্রের
দ্বারা আচ্ছন্ন করিয়া সংস্থাপন করিবা। তস্যো-
পরি কাংস্য পাত্রস্থিত ষট্‌ক নিষ্ক পরিমিত স্বর্ণ
নির্ম্মিত বিশ্বরূপ নরবাহন ধনেশ্বর প্রতিমা সং-
স্থাপনা করিয়া পুরুষ সূক্ত মন্ত্রের দ্বারা পূজা ক-
রিবে। তদনন্তর অথর্ব্ববিৎ ব্রাহ্মণ অথর্ব্ব বেদ
পাঠ করিবা। তদনন্তর বিংশতি নিষ্ক পরিমিত
স্বর্ণ পুত্রিকা নিষ্পাপোহং ইতি উচ্চারণপূর্ব্বক ব্রা-
হ্মণে প্রদান করিবে। তদনন্তর নিধিনামধিপো-
দেবঃ ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক আচার্য্যকে কুবের
প্রতিমা প্রদান করত লিঙ্গনাশ এবং হীনমুস্ক
জন্য পাপ হইতে মোচন হইবে।

অথ গুরুজায়া গমন জন্য মূত্রকৃচ্ছ রোগ
প্রায়শ্চিত্ত।

যথা। গুরুজায়াভিগমনান্মূত্রকৃচ্ছ্রঃপ্রজায়তে
তেনাপি নিষ্কৃতি কার্য্যা শাস্ত্রদৃষ্টেন কর্ম্মণা। স্থা-
পয়েৎ কুম্ভমেকন্তু পশ্চিমায়াং শুভে দিনে। নীল

বস্ত্রসমাচ্ছন্নং নীলমাল্য বিভূষিতং॥ তস্যোপরি ন্যসেদ্দেবং তাম্রপাত্রে প্রচেতসং। সুবর্ণনিষ্কষট্‌কেন নির্ম্মিতং যাদসাম্পতিং॥ যজেৎ পুরুষসূক্তেন বরুণং বিশ্বরূপিণং। সামবিদ্‌ব্রাহ্মণস্তত্র সামবেদং সমাচরেৎ॥ সুবর্ণপুত্রিকাং কৃত্বা নিষ্কবিংশতিসংখ্যয়া। দদ্যাদ্বিপ্রায় সংপূজ্য নিষ্পাপোঽহমিতি ব্রুবন্॥ যাদসামধিপোদেবো বিশ্বেষামপি পাবনঃ। সংসারাব্ধৌ কর্ণধারো বরুণঃ পাবনোঽস্তু মে॥ ইমং মন্ত্রং সমুচ্চার্য্য আচার্য্যায় যথাবিধি। দদ্যাদ্দেবমলঙ্কৃত্য মূত্রকৃচ্ছ্র প্রশান্তয়ে॥

অস্যার্থঃ। গুরুজায়া গমনজন্য নরকভোগাবসানে জন্মান্তরে তৎপাপ চিহ্ন মূত্ররোগগ্রস্ত হয়, তাহার নিষ্কৃতি প্রথমত শাস্ত্রানুসারে বেদীর পশ্চিমাংশে নীলবস্ত্রে আচ্ছাদিত এবং নীল মাল্যাদিভূষিত এক কুম্ভ সংস্থাপন করিবা। তদুপরি তাম্রপাত্রস্থিত ষট্‌ক নিষ্ক স্বর্ণ পরিমিত বিশ্বরূপী বরুণ প্রতিমা সংস্থাপনা করিয়া পুরুষসূক্ত মন্ত্রের দ্বারা পূজা করিবা। এবং জপ ও তদ্দশাংশ হোম তিলাষ্ট দ্বারা করিবা। প্রমাণ পশ্চাৎ ব্যক্ত আছে তদনন্তর সামবিদ্‌ব্রাহ্মণ সামবেদ পাঠ করিবে। তদনন্তর বিংশতি নিষ্ক পরিমিত স্বর্ণপুত্রিকা

নিষ্পাপোঽহমিতি উচ্চারণপূর্ব্বক ব্রাহ্মণে প্রদান করিয়া যাদশা মধিপোদেবো ইতিমন্ত্র পাঠ করিয়া আচার্য্যকে স্তুতি পাঠপূর্ব্বক বরুণ প্রতিমা প্রদান করত গুরুজায়া গমনজন্য পাপ হৈতে মুক্ত হইবে।

অথ কন্যা গমন জন্য রক্তকুষ্ঠ প্রায়শ্চিত্ত।

যথা। স্বসুতা গমনে চৈব রক্তকুষ্ঠং প্রজায়তে ভগিনী গমনেচৈব পীতকুষ্ঠং প্রজায়তে। তস্য প্রতিক্রিয়াং কর্ত্তুং পূর্ব্বতঃ কলসং ন্যসেৎ। পীত বস্ত্রসমাচ্ছন্নং পীতমাল্য বিভূষিতং। তস্যোপরি ন্যসেৎ স্বর্ণপাত্রে দেবং সুরেশ্বরং। সুবর্ণনিষ্কষট্‌কেন নির্ম্মিতং বজ্রধারিণং। যজেৎ পুরুষসূক্তেন বাসবং বিশ্বরূপিণং। যজুর্ব্বেদং তত্র সাম ঋগ্বেদঞ্চ সমাচরেৎ। সুবর্ণপুত্রিকাং কৃত্বা সুবর্ণদশকে ন তু। দদ্যাদ্বিপ্রায় সংপূজ্য নিষ্পাপোঽহমিতি ব্রুবন্। দেবানামধিপোদেবা বজ্রী বিষ্ণুনিকেতনঃ। শত যজ্ঞঃ সহস্রাক্ষঃ পাপং মম নিকৃন্ত তু। ইমং মন্ত্রং সমুচ্চার্য্য আচার্য্যায় যথাবিধি। দদ্যাদ্দেবং সহস্রাক্ষং স পাপস্যানুত্তয়ে॥

অস্যার্থঃ। জন্মান্তরে কন্যা গমনে নরকভোগানন্তর তৎপাপচিহ্ন রক্তকুষ্ঠরোগগ্রস্ত হয়। তৎ

পাপ ক্ষয়ার্থ প্রথমতঃ বেদীর পূর্ব্বাংশে পীত বস্ত্রাচ্ছাদিত এবং পীত মাল্যাদি ভূষিত এক কুম্ভ স্থাপন করিবে। তদুপরি স্বর্ণপাত্রস্থিত ষট্ক নিষ্ক স্বর্ণ পরিমিত বজ্রধারী ইন্দ্র প্রতিমা সংস্থাপনা করিয়া পূর্ব্বোক্ত পুরুষসূক্ত মন্ত্রের দ্বারা পূজাদি করিবা। এবং পুরুষসূক্ত মন্ত্র জপ করিয়া তদ্দশাংশ তিলাষ্ট হোম করিবা। ইহার প্রমাণ পশ্চাৎ ব্যক্ত আছে তদনন্তর সাম ঋক্ যজুর্ব্বেদ পাঠ করিয়া অশীতি রত্তিকা পরিমিত সুবর্ণ নির্ম্মিত পুত্তলিকা নিষ্পাপোঽহমিতি উচ্চারণপূর্ব্বক ব্রাহ্মণকে পূজা করতঃ দান করিবা। তদনন্তর দেবানামধিপোদেব ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক ইন্দ্রপ্রতিমা আচার্য্যকে প্রদান করিবে ইতি।

অথ ভ্রাতৃজায়া গমনজন্য গুল্মরোগ প্রায়শ্চিত্ত।
এবং পুত্রবধূ গমনজন্য কৃষ্ণকুষ্ঠ প্রায়শ্চিত্ত।

যথা। ভ্রাতৃভার্য্যাভিগমনাদ্গলৎকুষ্ঠং প্রজায়তে। স্ববধূগমনে চৈব কৃষ্ণকুষ্ঠং প্রজায়তে। তেন কার্য্যং বিশুদ্ধ্যর্থং প্রাগুক্তস্যার্দ্ধমেবহি। দশাংশ হোমঃ সর্ব্বত্র ঘৃতাক্তৈঃ ক্রিয়তে তিলৈঃ॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় ভ্রাতৃজায়া গমনে নরক ভোগাবসানে তৎপাপসূচিত গুল্মকুষ্ঠ রোগগ্রস্ত

হয়। এবং পুত্রবধূ গমনে তৎপাপসূচিত কৃষ্ণকুষ্ঠ রোগগ্রস্ত হয়। তৎপাপ ক্ষয়হেতু শরীর শুদ্ধি তদর্থক পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্ত দানাদির অর্দ্ধেক করিবা। এবং সর্ব্বত্র অর্থাৎ মাতৃগমনাবধি সর্ব্বত্র পুরুষসুক্ত মন্ত্র জপ করিয়া তদ্দশাংশ তিলাহুতি হোম করিবা ইতি।

অথ সামান্য অগম্যা গমন জন্য মণ্ডল রোগ প্রায়শ্চিত্ত।

যথা। যদগম্যাভিগমনাজ্জায়তে ধ্রুবমণ্ডলং। কৃত্বা লোহময়ীং ধেনুং তিলষষ্টিপ্রমাণতঃ। কার্পাস ভারসংযুক্তাং কাংস্যদোহাং সবৎসিকাং। দদ্যাদ্বি প্রায় বিধিবদিম মন্ত্রমুদীরয়েৎ॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় অগম্যা স্ত্রী গমনকারকের নরক ভোগাবসানে তৎপাপসূচিত মণ্ডল রোগ অর্থাৎ মণ্ডলাকার দদ্রু বিশেষ রোগগ্রস্ত হয়। তৎপাপ ক্ষয়ার্থ ষষ্টিতোলক পরিমিত লৌহময় ধেনু কার্পাসভার সংযুক্তা এবং সপ্তখারী পরিমিত ধান্যের সহিত পূজা পূর্ব্বক পাপাং মে ক্ষীয়তাং ইতি বাক্যোচ্চারণ করতঃ ব্রাহ্মণকে প্রদান করিবা।

অথ হীন বর্ণস্য বিপ্রভার্য্যা গমন জন্য গজচর্ম্ম রোগ প্রায়শ্চিত্ত।

যথা। বিপ্রস্য ভার্য্যা গমনে গজচর্ম্ম প্রজায়তে তৎপাতক বিনাশায় প্রায়শ্চিত্তং বিধিয়তে। কৃত্বা রৌপ্যময়ীং ধেনুং নিষ্ক বিংশতি সংখ্যয়া। তাম্রোপস্কার সংযুতাং কাংস্য দোহাং সবৎসিকাং। দদ্যাৎ বিপ্রায় বিধিবদিমং মন্ত্রং সমুচ্চরেৎ। সুরভীর্বৈষ্ণবী মাতা মম পাপং ব্যপোহতু॥

অস্যার্থঃ। জন্মান্তরীয় হীনবর্ণকর্তৃক বিপ্রভার্য্যা গমনজন্য নরক ভোগাবসানে তৎপাপসুচিত গজচর্ম্ম রোগগ্রস্ত হয়। অর্থাৎ দুশ্চর্ম্ম তৎপাপ বিনাশ হেতু নিষ্ক বিংশতি সঙ্খ্যা পরিমিত রৌপ্যময় ধেনু কাংস্য দোহের সহিত এবং অভরণাদিযুক্তা সবৎসা করিয়া সুরভী বৈষ্ণবী মাতা ইতি মন্ত্র উচ্চারণপূর্ব্বক যথাবিধানক্রমে ব্রাহ্মণে প্রদান করিবা।

তপস্বিনী গমনজন্য অশ্মরীরোগ প্রায়শ্চিত্ত।

যথা। তপস্বিনীসঙ্গমনে জায়তে চাশ্মরীগদঃ স তু পাপবিশুদ্ধ্যর্থং প্রায়শ্চিত্তং সমাচরেৎ॥ দদ্যাদ্বিপ্রায় বিদুষে মধুধেনুং যথোদিতং। তিল দ্রোণশতঞ্চৈব হিরণ্যেন সমন্বিতং॥

অস্যার্থঃ। বলাৎকার দ্বারা তপস্বিনী অর্থাৎ সংযমাদি নিয়মবিশিষ্টা স্ত্রী গমনকারক জন্মান্তরে তৎপাপসুচিত অশ্মরীরোগগ্রস্ত হয়। তৎপাপ শুদ্ধি হেতু যথোক্ত বিধানে মধু ধেনু দান করিবা। তদনন্তর হিরণ্যের সহিত শত দ্রোণ পরিমিত তিল দান করিবে।

অথ পিতৃভগিনী গমন জন্য দক্ষিণাংশে
ব্রণরোগ প্রায়শ্চিত্ত।

যথা। পিতৃস্বস্র মভিগমনাদ্দক্ষিণাংশব্রণী ভবেৎ তেনাপি নিষ্কৃতিঃ কার্য্যা অজাদানেন শক্তিতঃ।

অস্যার্থঃ। জন্মান্তরে পিতৃভগিনী গমনকারকের নরক ভোগানন্তর তৎপাপসুচিত দক্ষিণাংশে ব্রণরোগ হয়। তাহার প্রায়শ্চিত্ত শক্তিক্রমে বহু অজা দান করিবে অত্র স্থলে প্রায়শ্চিত্ত লাঘব দর্শন হেতু নরক ভোগাধিক্য জানিবা।

অথ মাতুলানী গমনে পৃষ্ঠকুব্জ প্রায়শ্চিত্ত।

যথা। মাতুলান্যাস্তু গমনে পৃষ্ঠকুব্জ প্রজায়তে কৃষ্ণাজিন প্রদানেন প্রায়শ্চিত্তং সমাচরেৎ।

অস্যার্থঃ। জন্মান্তরে মাতুলানী গমনকারকের নরক ভোগাবসানে তৎপাপচিহ্ন পৃষ্ঠদেশে

কুব্জরোগ হয়। তৎপাপ ক্ষয়ার্থ কৃষ্ণাজিন প্রদান করতঃ শুদ্ধ হইবে।

অথ মাতৃস্বসৃ গমন জন্য সর্ব্বাঙ্গাবচ্ছিন্ন ব্রণরোগ প্রায়শ্চিত্ত।

যথা। মাতৃস্বস্রভিগমনে বামাঙ্গে ব্রণবান ভবেৎ। তেনাপি নিষ্কৃতি কার্য্যা সম্যগ্দাস প্রদানতঃ॥

অস্যার্থঃ। মাতৃভগিনী গমনকারকের জন্মান্তরে তৎপাপচিহ্ন সর্ব্ব শরীরে ব্রণ বিশেষ রোগ হয় তৎপাপ ক্ষয়ার্থ সম্যক্ প্রকারে দাস প্রদান করিবা।

অথ মৃতভার্য্যা গমন জন্য মৃতভার্য্যা প্রায়শ্চিত্ত।

যথা। মৃতভার্য্যাভিগমনে মৃতভার্য্যঃ প্রজায়তে। তৎপাতক বিশুদ্ধ্যর্থং দ্বিজমেকং বিবাহয়েৎ।

অস্যার্থঃ। মৃতভার্য্যা গমনকারক ব্যক্তির জন্মান্তরে তৎপাপ চিহ্ন মৃতভার্য্যা হয় অর্থাৎ বিবাহ মাত্রেই স্ত্রী বিয়োগ হয় তাহার প্রায়শ্চিত্ত এক ব্রাহ্মণের বিবাহ বিষয়ে তাবৎ অর্থ ব্যয় করিয়া বিবাহ দেওয়াইবেক।

অথ স্বগোত্র স্ত্রী গমন জন্য ভগন্দররোগ প্রায়শ্চিত্ত।

যথা। স্বগোত্রস্ত্রীপ্রসঙ্গেন জায়তে চ ভগ-

ন্দরঃ। তেনাপি নিষ্কৃতিকার্য্যা মহিষীদানযত্নতঃ।

অস্যার্থঃ। জন্মান্তরে স্বগোত্র স্ত্রী গমনকারকের তৎপাপচিহ্ন ভগন্দররোগ প্রাপ্তি হয়। যত্নক্রমে মহিষী দান করিলে তৎপাপ হইতে মুক্ত হয়।

অথ বিধবা গমন জন্য প্রমেহরোগ প্রায়শ্চিত্ত।

যথা॥ তপস্বিনীপ্রসঙ্গেনপ্রমেহী জায়তেনরঃ। মাসং রুদ্রজপঃ কার্য্যোদদ্যাচ্ছক্ত্যা চ কাঞ্চনং॥

অস্যার্থঃ। তপস্বিনী অর্থাৎ বিধবা স্ত্রী তপস্যা ব্রতাচারিণী সংসর্গ করিলে জন্মান্তরে তৎ পাপচিহ্ন প্রমেহরোগগ্রস্ত হয়। তাহার প্রায়শ্চিত্ত এক মাসাবধি রুদ্রমন্ত্র জপ করিয়া শক্ত্যনুসারে ব্রাহ্মণকে কাঞ্চন প্রদান করিবা।

অথ দীক্ষিতস্ত্রী গমনজন্য দুষ্টরক্ত চক্ষু প্রায়শ্চিত্ত।

যথা। দীক্ষিতস্ত্রী প্রসঙ্গেন জায়তে দুষ্টরক্তদৃক্। স পাতকবিশুদ্ধ্যর্থং প্রাজাপত্যদ্বয়ঞ্চরেৎ॥

অস্যার্থঃ। দীক্ষিতস্ত্রী অর্থাৎ যজ্ঞাদিতে দীক্ষিতাস্ত্রী গমন করিলে জন্মান্তরে তৎপাপচিহ্ন দুষ্টরক্ত চক্ষু হয়। তৎপাপ শুদ্ধি তদর্থে প্রাজাপত্য দ্বয় ব্রতাচরণ করিবে তদভাবে ধেনুদ্বয় তন্মূল্যম্বা দদ্যাৎ।

অথ স্বজাতি স্ত্রী গমন জন্য হৃদব্রণরোগ প্রায়শ্চিত্ত।

যথা। স্বজাতিজায়াগমনে জায়তে হৃদয়ব্রণী। তৎপাপস্য বিশুদ্ধ্যর্থং প্রাজাপত্যদ্বয়ঞ্চরেৎ।

অস্যার্থঃ। জন্মান্তরীয় স্বজাতি জায়াভিগমন-কারকের তৎপাপচিহ্ন হৃদয়ব্রণরোগ হয়। তৎ-পাপ ক্ষয়ার্থ প্রাজাপত্যদ্বয় করিবে তদভাবে ত-ন্মূল্যম্বা দদ্যাৎ।

অথ পশুযোনি গমন জন্য মূত্রাঘাত রোগ প্রায়শ্চিত্ত।

যথা। পশুযোনৌ চ গমনে মূত্রাঘাতঃ প্রজায়তে তিলপাত্রদ্বয়ঞ্চৈব দদ্যাদাত্মবিশুদ্ধয়ে॥

অস্যার্থ। জন্মান্তরে পশুযোনি গমনকারকের মূত্রাঘাৎ রোগ হয় তৎপাপ শুদ্ধ্যর্থ তিল পাত্রদ্বয় দান করিবে।

অথ অশ্বগমন জন্য গুহ্যস্তম্ভরোগ প্রায়শ্চিত্ত।

যথা। অশ্বযোনৌ চাগমনাদ্গুদস্তম্ভঃ প্রজা-য়তে। সহস্রকমলস্নানং মাসং কুর্য্যাৎ শিবস্য চ॥

অস্যার্থঃ। জন্মান্তরে অশ্ব গমনকারক ব্যক্তি তৎপাপচিহ্ন গুদস্তম্ভ রোগ হয়। তৎপাপ ক্ষয়

হেতু এক মাস সহস্র কলস দ্বারা শিবলিঙ্গ স্নান করাইবা।

অথ স্ত্রী পাতক কথনং।

যথা। এতে দোষা নরাণাং স্যুর্নরকান্তে ন সংশয়ঃ। স্ত্রীণামপি ভবন্ত্যেতে তত্তৎ পুরুষসঙ্গমাৎ॥

অস্যার্থঃ। এই সকল দোষ নরসম্বন্ধে পুরুষের কথিত হইল, কিন্তু স্ত্রীলোকেরো এইরূপ স্বইচ্ছাতে তাদৃশ পুরুষ সঙ্গমে হয়।

এবং অগম্যা গমনে যে রূপ প্রায়শ্চিত্ত কথিত হইল অন্য মুনিরাও তদ্রূপ পাপ বিশেষে কহিয়াছেন।

অগম্যায়ান্তু গমনে প্রায়শ্চিত্ত মুদীরিতং। তদেব মুনিভিঃ প্রোক্তং নিয়তং তৎ প্রভাবতঃ॥

ইতি শাতাতপীয় কৰ্ম্মবিপাকে অগম্যাগমনং নাম পঞ্চমাধ্যায়।

অথ অগতি মৃত কথনং।

শ্লোকঃ।

অশ্বশূকরশৃঙ্গ্যদ্রিদ্রুমাদিশকটৈন চ। ভূম্যগ্নিদারু শস্ত্রাশ্ম বিষোদ্বন্ধনজৈর্মৃতাঃ। ব্যাঘ্রাহিগজভূপাল চৌরবৈরিবৃকাহতাঃ। কাষ্ঠশল্যমৃতা যে চ

শৌচসংস্কারবর্জ্জিতাঃ। বিসূচিকান্নকবলদবাতীসা-
রতোমৃতাঃ। সাকিন্যাদি গ্রহৈর্গ্রস্তা বিদ্যুৎপাত
হতাশ্চ যে। অস্পৃশ্যা অপবিত্রাশ্চ পতিতাঃ পুত্র-
বর্জ্জিতাঃ। পঞ্চত্রিংশৎ প্রকারৈশ্চ নাপ্নুবন্তি
গতিং মৃতাঃ॥

অস্যার্থঃ। অশ্ব অর্থাৎ গ্রাম্যপশু মাত্র শূকর
ভৃঙ্গাদি অর্থাৎ ভ্রমরাদি ক্রমবৃক্ষ শৃঙ্গী শৃঙ্গবিশিষ্ট
জড় ভৃগু উচ্চদেশ হইতে পতন দবে দাবানলে
অশ্মন প্রস্তর অহি সর্প বল চৌর বৈরি শত্রু বৃক
ক্ষুদ্র ব্যাঘ্র কাষ্ঠশয্যা খট্টাদি শৌচ বর্জ্জিত অ-
শুচি সংস্কার বর্জ্জিত বিসূষিকা অস্পৃশ্যা অর্থাৎ
স্বয়ং অপবিত্র শেষ তাবৎ স্বনাম প্রসিদ্ধ।

অথ অগতিককর্ত্তৃক বংশনাশ কথন।

শ্লোকঃ।

পিত্রাদ্যাঃ পিণ্ডভাজঃ স্যুস্ত্রয়োলেপভুজস্তথা
ততো নান্দীমুখাঃ প্রোক্তা স্ত্রয়োপ্যশ্রুমুখাস্ত্রয়ঃ॥
দ্বাদশৈতে পিতৃগণাস্তর্পিতাঃ সন্ততি প্রদাঃ। গতি
হীনাঃ সুতাদীনাং সন্ততিং নাশয়ন্তি তে। দশ ব্যা-
ঘ্রাদিনিহতাগর্ভং নিঘ্নন্ত্যমী ক্রমাৎ। দ্বাদশাস্ত্রাদি
নিহতা আকর্ষন্তি চ বালকং॥ বিষাদি নিহতা-

ঘ্নন্তি দশসুদ্বাদশস্বপি। বর্ষৈকবালকং কুর্য্যাদন-
পত্যোঽনপাত্যতাং ॥

অস্যার্থ। পিত্রাদি পিণ্ড ভুজত্রয় অর্থাৎ পিতা
পিতামহ প্রপিতামহ লেপভুজত্রয় বৃদ্ধ প্রপিতাম-
হাদি এবং নান্দীমুখাদি ষট্ অর্থাৎ মাতামহাদি
ষট্। এই দ্বাদশ পিতৃগণেরা সন্তানপ্রদ হইয়াছেন
যদ্যপি ঐ পিতৃগণেরা গতিহীন হইয়া অকৃত
প্রায়শ্চিত্ত হয়েন তবে সন্তানেরদিগের সন্তান
নষ্ট করেন অর্থাৎ বংশ লোপ করেন। ব্যাঘ্রাদি
হত দশজনে গর্ভেতে সন্তান নষ্টকরেন। অস্ত্রাদি
হত দ্বাদশ জন বর্ষের মধ্যে বালক নষ্ট করেন।
অপুত্রক ব্যক্তি এক বর্ষের মধ্যে বালক নষ্ট
করেন।

অথ পাপ বিশেষ গতিহীন কথন।

শ্লোক।

ব্যাঘ্রেণ হন্যতে জন্তুঃ কুমারীগমনেন চ। বিষ-
দংশেচব সর্পেণ গজেন নৃপদুষ্টকৃৎ। রাজ্ঞা রাজ-
কুমারঘ্নশ্চৌরেণ পশুহিংসকঃ। বৈরিণা মিত্রভেদী
চ বকবৃত্তির্বৃকেণ তু। গুরুঘাতী চ শয্যায়াং মৎ-
সরী শৌচ বর্জিতঃ। দ্রোহী সংস্কাররহিতঃ শুনা
নিক্ষেপহারকঃ। নরোবিহন্যতেঽরণ্যে শূকরেণ

চ পাশিকঃ। ক্রিমিভিঃ কৃত্তবাসাশ্চ ক্রিমিণা চ নিকৃন্তনঃ। শৃঙ্গিণা শঙ্করদ্রোহী শকটেন চ সূচকঃ। ভৃগুণা মেদিনীচৌরো বহ্নিনা যজ্ঞহানিকৃৎ॥ দবেন দক্ষিণাচৌরঃ শস্ত্রেণ শ্রুতি নিন্দকঃ। অশ্মনা দ্বিজনিন্দাকৃদ্বিষেণ কুমতিপ্রদঃ। উদ্বন্ধনেন হিংস্রস্যাৎ সেতুভেদী জলেন তু।

অস্যার্থ। জন্মান্তরে কুমারীগমনে ব্যাঘ্রকর্ত্তৃক হত হয় বিষদান করিলে সর্প কর্ত্তৃক হত হয় আর রাজা নষ্ট করিলে গজ কর্ত্তৃক হত হয় রাজকুমার নষ্ট করিলে রাজা কর্ত্তৃক হত হয় পশু হিংসাকারী চৌর কর্ত্তৃক নষ্ট হয় পরস্পর মিত্র ভেদ করিলে বৈরি কর্ত্তৃক হত হয় অনার্য্য গ্রহণ ক্ষুদ্র ব্যাঘ্র কর্ত্তৃক হত হয় গুরুবধ করিলে শয্যা হত হয় অর্থাৎ খট্টাদি ভগ্ন হইয়া হত হয় মাৎসর্য্য বিশিষ্ট হইলে অশুচি মৃত হয় পরনিন্দাকারক হইলে সংস্কার হীন হইয়া মরণ হয় দান করিয়া হরণ করিলে শুনা অর্থাৎ গ্রাম্য পশ্বাদি কর্ত্তৃক হত হয় পাশ দ্বারা বন মধ্যে বধ করিলে শূকর কর্ত্তৃক হত হয় ক্রিমিবধ করিয়া বস্ত্র করিলে অর্থাৎ গুটিকার কাপড় করিলে ক্রিমি অর্থাৎ ভৃঙ্গাদি কর্ত্তৃক হত হয় কর্ণসূচক হইলে শকট দ্বারা

মরণ হয় রাজদণ্ডার্হ হইলে বৃক্ষেতে হত হয় লৌহ হরণ করিলে অতিসারাদি রোগগ্রস্ত হয়। স্বদর্পে কর্ম্ম করিলে স্বাকিন্যাদি কর্তৃক হত হয় অনধ্যায়ে অধ্যয়ন করিলে অর্থাৎ বেদ অধ্যয়নে বিদ্যুতে হত হয় অস্পর্শ্য সঙ্গ করিলে অস্পর্শ হইয়া হত হয় শাস্ত্র হরণ হরিলে বমি আশ্রয় করিয়া মরে অর্থাৎ অপবিত্র হইয়া মরণ হয় কন্যা বিক্রয় করিলে পতিত হইয়া মরে ব্রাহ্মণের বস্তু হরণ করিলে অপত্যহীন হয় ভূমি হরণ করিলে ভৃগু অর্থাৎ উচ্চদেশ হইতে পতিত হইয়া মরে যজ্ঞ ধ্বংস করিলে অগ্নিতে হত হয় দক্ষিণা চৌর্য্য করিলে দাবানলে হত হয় দ্বিজ নিন্দা করিলে পাষাণে মৃত্যু হয় কুমতি প্রদান করিলে বিষেতে মরণ হয় হিংস্রক হইলে উদ্বন্ধনে হত হয় সেতু ভঙ্গ করিলে জলেতে হত হয়।

অথ গতিহীন সামান্য প্রায়শ্চিত্ত।

শ্লোক।

অথ তেষাং ক্রমেণৈব প্রায়শ্চিত্তং বিধীয়তে। কারয়েন্নিষ্কমাত্রন্তু পুরুষং প্রেতরূপিণং। চতুর্ভুজং দণ্ডহস্তং মহিষাসনসংস্থিতং। পিষ্টৈঃ কৃষ্ণতিলৈঃ কুর্য্যাৎ পিণ্ডং প্রস্থপ্রমাণতঃ। মধ্বাজ্যশর্করাযুক্তং

স্বর্ণকুণ্ডলসংযুতং। অকালমূলং কলসং পঞ্চপল্লব-সংযুতং। কৃষ্ণবস্ত্রসমাচ্ছন্নং সর্ব্বৌষধি সমন্বিতং। তস্যোপরি ন্যসেদেবং পাত্রং ধান্যফলৈর্যুতং॥ সপ্তধান্যন্তু সফলং তত্র তৎ সফলং ন্যসেৎ। কুম্ভোপরি চ বিন্যস্য পূজয়েৎ প্রেতরূপিণং। কুর্য্যাৎ পুরুষসূক্তেন প্রত্যহং দুগ্ধতর্পণং। ষড়ঙ্গঞ্চ জপেদ্রুদ্রং কলসে তত্র বেদবিৎ। যমসূক্তেন কুর্ব্বীত যমপূজাদিকং তথা। গায়ত্র্যাশ্চৈব কর্ত্তব্যো-জপঃস্বাত্মবিশুদ্ধয়ে। গৃহশান্তিকপূর্ব্বঞ্চ দশাংশং জুহুয়াত্তিলৈঃ। অজ্ঞাতনামগোত্রায় প্রেতায় সতিলোদকং। প্রদদ্যাৎ পিতৃ তীর্থেন পিণ্ডং মন্ত্রমুদীরয়েৎ। ইমং তিলময়ং পিণ্ডং মধুসর্পিঃ সমন্বিতং। দদানি তস্মৈ প্রেতায় যঃ পীড়াং কুরুতে মম। সজলান্ কৃষ্ণকলসাংস্তিলপাত্রসমন্বিতান্॥ দ্বাদশ প্রেতমুদ্দিশ্য দদ্যাদ্দেকঞ্চ বিষ্ণবে। ততোঽভিষিঞ্চেদাচার্য্যো দম্পতী কলসোদকৈঃ। শুচির্বরায়ুধধরো মন্ত্রৈর্বরুণদৈবতৈঃ। যজমানস্ততোদদ্যাদাচার্য্যায় স দক্ষিণাং। ততোনারায়ণ বলিঃ কর্ত্তব্যঃ শাস্ত্রনিশ্চয়াৎ। এষ সাধারণবিধির গতীনামুদাহৃতঃ॥

অস্যার্থঃ। ক্রমেতে প্রায়শ্চিত্ত বিধান পশ্চাৎ

বলিব সংপ্রতি সাধারণ প্রায়শ্চিত্ত কহিতেছি। প্রথমতঃ স্বর্ণ নিষ্ক পরিমিত চতুর্ভুজ দণ্ড হস্ত ম হিষারূঢ় যমপ্রতিমা নির্ম্মাণ করিবে তদনন্তর কৃষ্ণ বর্ণ কলস সংস্থাপন করিবে তস্যোপরি পঞ্চপল্লব এবং কৃষ্ণবস্ত্রাচ্ছন্ন সর্ব্বৌষধি যুক্ত করিয়া ঘটো- পরি যমপ্রতিমা পাত্র ধান্যাদি সংযুক্ত করিবা তদনন্তর সপ্ত প্রকার বর্ণ কলসান্তর সংস্থাপন করিয়া পুরুষসূক্ত মন্ত্র করণক প্রত্যহ দুগ্ধদ্বারা তর্পণ করিবা তদনন্তর বেদবিৎ ব্রাহ্মণে তত্র ক লসে ষড়ঙ্গের সহিত রুদ্রমন্ত্র জপ করিবা তদনন্তর আত্মশুদ্ধি নিমিত্ত যথাশক্তি গায়ত্রী জপ করিয়া গ্রহ শান্তিপূর্ব্বক তিলাজ্য হোম করিবা। তদনন্তর ইমং তিলময়ং পিণ্ডং মন্ত্র দ্বারা তিলপিণ্ড প্রেত দিগকে প্রদান করিয়া কৃষ্ণবর্ণ দ্বাদশ কলস দ্বাদশ প্রেতোদ্দিশ্যকে প্রদানকরিয়া এক কলস বিষ্ণুকে প্রদান করিবা। তদনন্তর আচার্য্য শুচির্ব্বায়ুর্ধরঃ ইত্যাদি মন্ত্র দ্বারা কলসোদক করণক দম্পতীকে অভিষেক করাইবেন। তদনন্তর যথাশক্তি আচা র্য্যকে দক্ষিণা প্রদান করিয়া নারায়ণ বলিয়া দিবে। এই সাধারণ বিধি অগতিদিগের জা- নিবা।

অথ গতিহীন বিশেষ প্রায়শ্চিত্ত।

শ্লোক।

বিশেষস্তু পুনর্জ্ঞেয়ো ব্যাঘ্রাদি নিহতেষ্বপি। ব্যাঘ্রেণ নিহতে প্রেতে পরকন্যাং বিবাহয়েৎ। সর্পদংশে নাগবলির্দেয়ঃ সর্ব্বেষু কাঞ্চনং। চতুর্নিষ্ক মিতং হেম গজং দদ্যাদ্গজৈর্হতে। রাজ্ঞা বিনি হতে দদ্যাৎ পুরুষন্তু হিরণ্ময়ং। চৌরেণ নিহতে ধেনুং বৈরিণা নিহতেবৃষং। বৃকেন নিহতে দদ্যাৎ যথাশক্তি চ কাঞ্চনং। শয্যামৃতে প্রদাতব্যা শয্যা তূলীসমন্বিতা। নিষ্কমাত্র সুবর্ণস্য বিষ্ণুনা সমধি ষ্ঠিতা। শৌচহীনে মৃতেচৈব দ্বিনিষ্ক স্বর্ণজং হরিং। সংস্কারহীনে চ মৃতে কুমারঞ্চ বিবাহয়েৎ। শুনা হতে চ নিক্ষেপং স্থাপয়েন্নিজশক্তিতঃ। শূকরেণ হতে দদ্যান্মহিষং দক্ষিণান্বিতং। ক্রিমিভিশ্চ মৃতে দদ্যাদ্গোধুমান্নং দ্বিজাতয়ে। শৃঙ্গিণা চ হতে দদ্যা দ্বৃষভং বস্ত্রসংযুতং। শকটেন মৃতে দদ্যাদশ্বং সোপস্করান্বিতং। ভৃগুপাতে মৃতে চৈব প্রদদ্যা দ্ধান্য পর্ব্বতং। অগ্নিনা নিহতে দদ্যাদুপানহং স্ব শক্তিতঃ। দবেন নিহতে চৈব কর্ত্তব্যা সদনে সভা। শস্ত্রেণ নিহতে দদ্যান্মহিষীং দক্ষিণান্বিতাং। অ- শ্মনা নিহতে দদ্যাৎ সবৎসাং গাং পয়স্বিনীং॥

বিষেণ চ মৃতে দদ্যান্মেদিনীং ক্ষেত্র সংযুতাং ॥ উদ্বন্ধনমৃতে চাপি প্রদদ্যাদ্গাং পয়স্বিনীং। মৃতে জলেন বরুণং হৈমং দদ্যাত্রিনিষ্ককং। বৃক্ষং বৃক্ষহতে দদ্যাৎ সৌবর্ণং স্বর্ণসংযুতং। অতিসার মৃতে লক্ষং সাবিত্র্যাঃ সংযতোজপেৎ। সাকিন্যাদিমৃতে চৈবং জপেদ্রুদ্রং যথোচিতং। বিদ্যুৎপাতেন নিহতে বিদ্যাদানং সমাচরেৎ। অস্পর্শে চ মৃতে কার্য্যং বেদপারায়ণং তথা। সচ্ছাস্ত্রপুস্তক দদ্যাদ্বান্তমাশ্রিত্য সংস্থিতে ॥ পাতিত্যেন মৃতে কুর্য্যাৎ প্রাজাপত্যানি ষোড়শ। মৃতে চাপত্যরহিতে কৃচ্ছ্রাণাং নবতিঞ্চরেৎ ॥ নিষ্কত্রয়মিতস্বর্ণং দদ্যাদশ্বং হয়াহতে। কপিনা নিহতে দদ্যাৎ কপিং কনক নির্ম্মিতং। বিসূচিকামৃতে স্বাদু ভোজয়েচ্চ শতং দ্বিজান্। তিলধেনুঃ প্রদাতব্যা কণ্ঠেঽন্নকবলে মৃতে। কেশরোগ মৃতেচাপি অষ্টৌ কৃচ্ছ্রান্ সমাচরেৎ। এবং কৃতে বিধানেন বিদদ্ধ্যাদৌর্দ্ধদেহিকং ততঃ প্রেতত্বনির্ম্মুক্তাঃ পিতরস্তর্পিতাস্তথা। দদ্যুঃ পুত্রাংশ্চ পৌত্রাংশ্চ আয়ুরারোগ্যসম্পদঃ ॥

অস্যার্থঃ। ব্যাঘ্রাদি কর্ত্তৃক হত হইলে তাহার প্রায়শ্চিত্ত সামান্যরূপে কহিয়াছেন। সংপ্রতি বিশেষ২ রূপে ব্যক্ত করিতেছেন। যথা ব্যাঘ্র

কর্ত্তৃক হত হইলে তৎ সন্তানেরা স্বীয় অর্থ ব্যয় করিয়া পরকীয় কন্যার বিবাহ দেওয়াইলে তৎ পাপ হইতে মুক্ত হইবে। সর্প কর্ত্তৃক হত হইলে নাগবলি দিবা এবং সর্ব্বত্র কাঞ্চন দান করিবা। গজ কর্ত্তৃক আহত হইলে চতুর্নিষ্ক পরিমিত স্বর্ণময় পুরুষ দান করিবা। চৌর কর্ত্তৃক হত হইলে ধেনু দান করিবে। বৈরি দ্বারা হত হইলে বৃষদান করিবে। ক্ষুদ্র ব্যাঘ্র দ্বারা হত হইলে কাঞ্চন দান করিবে বৃকপদে নেকড়া। শয্যাতে হত হইলে স্বর্ণনিষ্ক পাত্রে স্থাপিত বিষ্ণুশয্যা প্রদান করিবে। অশুচি হইয়া হত হইলে দ্বিনিষ্ক পরিমিত হরি প্রতিমা প্রদান করিবা। সংস্কারহীন হইয়া মরণ হইলে অন্য এক কুমারের বিবাহ দেওয়াইবে। অশ্ব কর্ত্তৃক হত হইলে নিষ্কত্রয় স্বর্ণ দান করিবে। শূকরের দ্বারা হত হইলে ব্রাহ্মণকে গোধূমান্ন প্রদান করিবে। বৃক্ষাদি পতনে হত হইলে উত্তম সুবর্ণের সহিত বৃক্ষ দান করিবে। শকট দ্বারা হত হইলে বস্ত্রাদিযুক্ত রত্ন দান করিবে। উচ্চদেশ হইতে পতনে মৃত্যু হইলে ধান্য পর্ব্বত দান করিবেন। ভিমরুল কর্ত্তৃক হত হইলে বস্ত্র সংযুক্ত বৃষ দান করিবে। অগ্নিদ্বারা দগ্ধ হইয়া মৃত্যু হইলে

শক্তিক্রমে উপানহ দান করিবে। দাবাগ্নি দগ্ধ দ্বারা মৃত্যু হইলে উত্তম সল্লোকের সভা করিয়া অপরাধ পরিহার করিবে। শস্ত্রদ্বারা হত হইলে দক্ষিণাযুক্ত মহিষ দান করিবে। পাষাণ দ্বারা হত হইলে দুগ্ধবতী সবৎসা গো দান করিবে। বিষ দ্বারা হত হইলে ক্ষেত্র নির্ম্মিত ভূমি দান করিবে। উদ্বন্ধনের দ্বারা হত হইলে দুগ্ধবতী গো [illegible] করিবে। বানর কর্ত্তৃক হত হইলে কনক [illegible]র্ম্মিত বানর দান করিবে। জলমগ্ন হইয়া ম[illegible] হইলে ত্রিনিষ্ক পরিমিত স্বর্ণ নির্ম্মিত বরুণ প্রতিমা দান করিবে। বিসূচিকা হইয়া মরণ হইলে মিষ্টান্ন ভোজনের দ্বারা দ্বিশত ব্রাহ্মণ ভোজন করাইবে কণ্ঠদেশে ভক্ষণদ্রব্যাদি সংলগ্ন হইয়া হত হইলে তিল ধেনু দান করিবে। ভ্রমরোগে হত হইলে অষ্ট সংখ্যক গায়ত্রী জপ করিবে। বজ্রাঘাতে হত হইলে বিদ্যা দান করিবে। অস্পৃশ্য হইয়া মরণ হইলে পুস্তক দান করিবে। পতিত ব্যক্তির মরণ হইলে ষোড়শ প্রাজাপত্য ব্রত করিবে। সন্তান হীন ব্যক্তি হত হইলে নবতী সংখ্যক কৃচ্ছ্র ব্রতা চরণ করিবে। অতএব এই বিধানক্রমে তৎ পুত্রেরা প্রায়শ্চিত্তাদি করিয়া ঊর্দ্ধদেহিক কর্ম্ম অর্থাৎ

শ্রাদ্ধাদি করিলে প্রেতত্ব হইতে মুক্ত হইয়া পবিত্র হয়েন। এবং পুত্র পৌত্র কর্তৃক তর্পিত হইয়া আয়ুঃ আরোগ্য সম্পদ সন্তানাদি প্রদান করেন। এবং অন্যান্য ঋষিদিগের সহিত ঐক্য করিয়া অতিপাতকী মহাপাতকীদিগের প্রায়শ্চিত্ত দানাদি করিয়া দাহাদি ক্রিয়া করিবা। এই শাতাতপাদিক মুনি গ্রন্থ প্রস্তুত করিয়া শরভঙ্গ মুনিরে দান করিয়াছিলেন।

ইতি শাতাতপীয় কর্ম্মবিপাকে অগতি প্রায়শ্চিত্তং নাম অষ্টমাধ্যায়ঃ।

বিজ্ঞাপন।

ওঁ

সর্ব্ব সাধারণ জনগণ সন্নিধানে যথা বিহিত সম্মান পুরঃসর বিজ্ঞাপন করা যাই তেছে যে অস্মদযন্ত্রালয়ে উত্তম এবং সুছন্দ কত কৈক রকম কাবিড় অক্ষর সকল প্রস্তুত আছে, যথা "ডবলগ্রেট. গ্রেট, ইঙ্গলিশ, পাইকা, ইস্মল পাইকা, লং-প্রাইমার বাঁডি এবং লৌহময় ইম্প্রিএল নামক প্রেস,, যে কোন ব্যক্তি সংস্কৃত কিম্বা গদ্য পদ্য পুস্তক এবং পাট্টা ও দাখিলা ইত্যাদি আমার যন্ত্রালয়ে মুদ্রাঙ্কন করিতে কল্পনা করেন তিনি অনায়াসে স্বল্প মূল্যে কৃতসাধ্য হইতে পারিবেন।

এন, এল, শীল যন্ত্র
নং ৯ আহীরীটোলা।

শ্রীনৃত্যলাল শীল।